

অত্যাৱশ্যকীয় সেৱা প্যাকেজ

প্রশিক্ষণ মডিউল

২

প্রসৱকালীন সেৱা



WQ 100.JB2
B418e
1998
cop.2

RE
HAND
RESEARCH

অপারেশন্স ৱিসার্চ প্রজেক্ট

হেল্থ এণ্ড পপুলেশন এক্সটেনশন ডিভিশন

ইন্টারন্যাশনাল সেন্টার ফর ডায়রিয়াল ডিজিজ ৱিসার্চ, বাংলাদেশ

অত্যাৱশ্যকীয় সেৱা প্যাকেজ
Essential Services Package (ESP)

প্রশিক্ষণ মডিউল - ২



প্রসবকালীন সেৱা
(Delivery Care)

অপারেশন রিসার্চ প্রজেক্ট
হেল্থ এণ্ড পপুলেশন এক্সটেনশন ডিভিশন
ইন্টারন্যাশনাল সেন্টার ফর ডায়রিয়াল ডিজিজ রিসার্চ, বাংলাদেশ

১৯৯৮

ICDDR,B Special Publication No. 76

প্রণয়নে	:	ডাঃ সুরাইয়া বেগম
সহযোগিতায়	:	শাহিদা বেগম
পরিকল্পনায়	:	ডঃ আবদুল্লাহ-হেল বাকী প্রফেসর বরকত-ই-খুদা ডঃ ক্রীস টুনন
কম্পিউটার কম্পোজ	:	সুভাষ চন্দ্র সাহা মোঃ ইউসুফ
প্রচ্ছদ পরিকল্পনা	:	আসেম আনসারী
কালার স্ক্যানিং	:	গ্রাফিক স্ক্যান লিঃ
প্রচ্ছদ ছবি	:	ডঃ শামীম আহমেদ

ICDDR,B Special Publication No. 76
ISBN: 984-551-154-6

© 1998, International Centre for Diarrhoeal Disease Research, Bangladesh

ICDDR,B LIBRARY	
ACCESSION NO.	031603
CLASS NO.	WO 100. JB2
SOURCE	COST

প্রকাশনায়ঃ

অপারেশন্স রিসার্চ প্রজেক্ট

হেলথ এণ্ড পপুলেশন এক্সটেনশন ডিভিশন

ইন্টারন্যাশনাল সেন্টার ফর ডায়রিয়া ডিজিজ রিসার্চ, বাংলাদেশ (আইসিডিডিআর,বি)

জি.পি.ও. বক্স নং ১২৮, ঢাকা-১০০০, বাংলাদেশ

ফোনঃ ৮৮০-২-৮৭১৭৫২ - ৮৭১৭৬০; ফ্যাক্সঃ ৮৮০-২-৮৭১৫৬৮ ।

মুদ্রনেঃ সেবা প্রিন্টিং প্রেস, ঢাকা



সচিব

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শুভেচ্ছা


গত দেড়যুগেরও বেশী সময় ধরে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং আই সি ডি ডি আর বি-র অপারেশন্স রিসার্চ প্রজেক্ট (যা ইতিপূর্বে এম.সি.এইচ. এফ.পি. আরবান ও রুরাল এক্সটেনশন প্রজেক্ট নামে দু'টি পৃথক প্রজেক্ট হিসেবে কার্যরত ছিল) যৌথভাবে কাজ করে আসছে। অপারেশন্স রিসার্চ প্রজেক্ট মাঠ পর্যায়ে বিভিন্ন বিষয়ে প্রায়োগিক গবেষণার মাধ্যমে জাতীয় স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মসূচীর ব্যবস্থাপনা উন্নয়ন, সেবার মান বৃদ্ধি ও স্থায়িত্বশীলতা অর্জনের পথ ও পদ্ধতি নিরূপণে কাজ করে চলেছে। উল্লেখ্য যে, এই প্রজেক্টের গবেষণালব্ধ সুফল জাতীয় স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মসূচীতে অন্তর্ভুক্ত হয়ে আসছে।

বর্তমানে জাতীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মসূচীর আওতায় অত্যাবশ্যকীয় সেবা প্যাকেজ প্রদানের প্রয়োজনীয়তা সংশ্লিষ্ট সকল মহল কর্তৃক স্বীকৃত হয়েছে। স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবার গ্রহণযোগ্যতা বৃদ্ধির অন্যতম প্রধান শর্ত হচ্ছে উন্নত মানের সেবা প্রদান এবং আমরা জানি, উন্নতমানের সেবা প্রদানের নিশ্চয়তা বিধানের জন্য কার্যকরী প্রশিক্ষণের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। সেবা প্রদানের সঠিক নির্দেশনা ইতিপূর্বে বাংলা ও ইংরেজী ভাষায় অত্যাবশ্যকীয় স্বাস্থ্যসেবা প্যাকেজ প্রটোকল প্রকাশিত হয়েছে।

স্বাস্থ্যসেবা প্রদানকারীরা যেন সঠিক উপায়ে এবং যথাযথভাবে এই প্রটোকলটি ব্যবহার করে সেবা দিতে পারেন, সে উদ্দেশ্যে এই প্রশিক্ষণ প্যাকেজটি প্রণয়ন করা হয়েছে। এতে প্রশিক্ষণ অধিবেশন পরিচালনার পদ্ধতি ও প্রক্রিয়া এবং প্রশিক্ষণের বিষয়বস্তু বিস্তারিতভাবে বর্ণনা করা হয়েছে। আশাকরি এই প্যাকেজ অনুসরণ করে প্রশিক্ষকগণ খুব সহজেই অংশগ্রহণমূলক পদ্ধতিতে ফলপ্রসূভাবে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করতে পারবেন।

অত্যাবশ্যকীয় স্বাস্থ্যসেবা বাস্তবায়নে প্রায়োগিক গবেষণার উদ্দেশ্যে ছয়টি প্রাথমিক সেবা কেন্দ্রে অর্থাৎ তিনটি সরকারী ডিসপেন্সারী ও তিনটি এনজিও ক্লিনিকে সেবা প্রদানকারীদের প্রশিক্ষণের উদ্দেশ্যে এ প্যাকেজটি প্রণয়ন করা হয়েছিল। এ প্রকাশনায় NIPHP (জাতীয় সম্বন্ধিত জনসংখ্যা ও স্বাস্থ্য কর্মসূচী) পার্টনারদের যৌথ প্রচেষ্টায় প্রণীত বিভিন্ন বিষয় অভিযোজন করা হয়েছে।

বর্তমান প্রয়োজনকে সামনে রেখে অত্যাবশ্যকীয় সেবা প্রশিক্ষণ প্যাকেজ প্রকাশের সময়োচিত পদক্ষেপ গ্রহণের জন্য আমি আন্তরিকভাবে আই সি ডি ডি আর,বি-র অপারেশন্স রিসার্চ প্রজেক্টকে ধন্যবাদ জানাই। আমার দৃঢ় বিশ্বাস, সরকারী ও বেসরকারী সেবাকেন্দ্রের প্রশিক্ষকগণ এই প্রশিক্ষণ প্যাকেজ ব্যবহার করে উন্নতমানের প্রশিক্ষণ প্রদানে সক্ষম হবেন।


মোহাম্মদ আলী

স্বীকৃতি পত্র

আইসিডিডিআর,বি এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের যৌথ উদ্যোগে এই অপারেশন রিসার্চ প্রজেক্টটি বাস্তবায়িত হয়েছে। এই প্রকল্পের প্রাথমিক উদ্দেশ্য হচ্ছে প্রায়োগিক গবেষণা করা, গবেষণালব্ধ ফলাফল প্রচার করা এবং কারিগরি সাহায্য প্রদানের মাধ্যমে জাতীয় স্বাস্থ্য এবং জনসংখ্যা কর্মসূচীর (সরকারী, বেসরকারী ও বানিজ্যিক খাতে) উন্নয়ন করা।

আইসিডিডিআর,বি-এর সাথে যৌথ চুক্তিনামা নং ৩৮৮-০০৭১-এ-০০-৩০১৬-০০ এর অধীনে ইউ এস এ আই ডি (USAID)। এই প্রকাশনায় আর্থিক সাহায্য দিয়েছে। আইসিডিডিআর,বি কে আর্থিক সহায়তা প্রদানকারী দাতা সরকারসমূহ হচ্ছে, অস্ট্রেলিয়া, বাংলাদেশ, বেলজিয়াম, কানাডা, জাপান, নেদারল্যান্ড, নরওয়ে, সৌদি আরব, শ্রীলংকা, সুইডেন, সুইজারল্যান্ড, শ্বেটল্যান্ড এবং আমেরিকা। সহায়তা প্রদানকারী আন্তর্জাতিক সংস্থাসমূহের মধ্যে রয়েছে আরব গাল্ফ ফান্ড, ইউরোপিয়ান ইউনিয়ন, ইউনিসেফ, ইউএনডিপি এবং ওয়ার্ল্ড হেলথ অরগানাইজেশন। ফাউন্ডেশনগুলোর মধ্যে রয়েছে আগা খান ফাউন্ডেশন, চাইল্ড হেলথ ফাউন্ডেশন, ফোর্ড ফাউন্ডেশন, পপুলেশন কাউন্সিল, রক্ফেলার ফাউন্ডেশন, প্র্যাশার রিসার্চ ফাউন্ডেশন এবং জর্জ ম্যাশন ফাউন্ডেশন। বেসরকারী সংস্থাসমূহের মধ্যে রয়েছে ইস্ট ওয়েস্ট সেন্টার, হেলেন কেলার ইন্টারন্যাশনাল, ইন্টারন্যাশনাল এটমিক এনার্জি এজেন্সী, ইন্টারন্যাশনাল সেন্টার ফর রিসার্চ অন উইমেন, ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট রিসার্চ সেন্টার, ইন্টারন্যাশনাল লাইফ সাইন্সেস ইনস্টিটিউট, ক্যারোলিন্‌স্কা ইনস্টিটিউট, লন্ডন স্কুল অব হাইজিন এন্ড ট্রপিক্যাল মেডিসিন, লেডেরলি প্রাক্সিস, ন্যাশনাল ইনস্টিটিউট অব হেলথ, নিউ ইংল্যান্ড মেডিসিন সেন্টার, প্রক্টর এন্ড গ্যান্ডল, র্যান্ড কর্পোরেশন, স্যোশাল ডেভেলপমেন্ট সেন্টার অব ফিলিপাইন, সুইস রেড ক্রস, জন হপকিন্স ইউনিভার্সিটি, ইউনিভার্সিটি অব অ্যালাবামা এ্যাট বার্মিংহাম, ইউনিভার্সিটি অব লোয়া, ইউনিভার্সিটি অব গোটের্‌বর্গ, ইউ সি বি অসমোটিক্স লিমিটেড, ওয়াশার এ,জি এবং আরোও অন্যান্য সংস্থা।

কৃতজ্ঞতা স্বীকার

এই প্রশিক্ষণ কারিকুলাম পর্যালোচনা করে যাঁরা মূল্যবান পরামর্শ ও মতামত প্রদান করে বিশেষ অবদান রেখেছেন, তাঁরা হচ্ছেনঃ

ডাঃ এ, এম, জাকির হোসেন

পরিচালক, পি এইচ সি, স্বাস্থ্য অধিদপ্তর

ডাঃ সামসুল হক

প্রকল্প পরিচালক, ইপিআই

ডাঃ জাফর আহমেদ হাকীম

প্রকল্প পরিচালক, এফপিসিএসপি, পরিকল্পনা অধিদপ্তর

ডাঃ এস এম আসিব নাসিম

প্রাক্তন প্রকল্প পরিচালক, সি ডি ডি প্রকল্প

ডাঃ এনামুল করিম

আই ই ডি সি, আর

ডাঃ আনওয়ারুল হক মিয়া

যৌন রোগ নিয়ন্ত্রণ প্রকল্প

ডাঃ খায়রুল ইসলাম

প্ল্যান ইন্টারন্যাশনাল

মিসেস লায়লা বাকী

ইউরোপিয়ান কমিশন

ডাঃ শবনম শাহনাজ

পাথফাইন্ডার ইন্টারন্যাশনাল

মিঃ মোহাম্মদ আলী ভূইয়া

আই সি ডি ডি আর,বি

ডঃ সুব্রত রাউথ

আই সি ডি ডি আর,বি

ডাঃ শেখ আমিনুল ইসলাম

আই সি ডি ডি আর,বি

ডাঃ সেলিনা আমিন

আই সি ডি ডি আর,বি

এ ছাড়া এই কারিকুলাম প্রণয়নে যাঁদের সুচিন্তিত পরামর্শ ও নেতৃত্ব বিশেষভাবে উল্লেখযোগ্য, তাঁরা হলেনঃ

প্রফেসর বরকত-ই-খুদা

অপারেশন্স রিসার্চ প্রজেক্ট, আই সি ডি ডি আর,বি

ডঃ ক্রীস টুনন

অপারেশন্স রিসার্চ প্রজেক্ট, আই সি ডি ডি আর,বি

প্রসবকালীন সেবা

সূচীপত্র

প্রশিক্ষণের উদ্দেশ্য	১
প্রশিক্ষণ কর্মসূচী	২
প্রসবকালীন সেবার উদ্দেশ্য, মূল পদক্ষেপ, ইতিহাস গ্রহণ ও শারীরিক পরীক্ষা	৩
প্রসবকালীন ব্যবহৃত সরঞ্জামাদি জীবাণুমুক্তকরণ	১০
প্রসব ব্যবস্থাপনা	১৭
প্রসবকালীন জটিলতা ও ব্যবস্থাপনা	২৩
ভিডিও প্রদর্শন	২৯
নবজাত শিশুর যত্ন	৩১
মা ও শিশুর প্রতিরোধযোগ্য রোগসমূহ	৩৭
প্রসবকালীন ওষুধ ব্যবহার ও প্রসব পরবর্তী পরামর্শ	৪২
ধারণা যাচাইপত্র	৪৭

বি দ্রঃ জাতীয় নীতিমালা অনুযায়ী শিশুকে প্রথম ৬ মাস পর্যন্ত (৫ মাসের পরিবর্তে) শুধুমাত্র বুকের দুধ দিতে বলুন।
৬ মাস পূর্ণ হলে বুকের দুধের পাশাপাশি বাড়তি খাবার দিতে হবে।

প্রসবকালীন সেবাঃ শিক্ষণের উদ্দেশ্য ও কর্মসূচী

স্থিতিঃ

১৫ মিনিট

পূর্বপ্রস্তুতিঃ

- প্রশিক্ষণের উদ্দেশ্য পোস্টার পেপারে/ট্রান্সপারেসীতে লিখে নিন।
- প্রশিক্ষণ কর্মসূচী প্রত্যেক অংশগ্রহণকারীর জন্য কপি করুন।

প্রক্রিয়াঃ

- অংশগ্রহণকারীদের শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে কর্মসূচীর সূচনা করুন।
- এই কোর্সের উদ্দেশ্য ব্যাখ্যা করুন ও ব্যাখ্যার সময় উদ্দেশ্য লেখা পোস্টার পেপার অথবা ট্রান্সপারেসী প্রদর্শন করুন।
- কর্মসূচীর কপি প্রত্যেক অংশগ্রহণকারীর হাতে দিন বা আগেই দিয়ে থাকলে তা বের করতে বলুন এবং কর্মসূচী আলোচনা করুন। আলোচনার সময় প্রশিক্ষণে ব্যবহৃত পদ্ধতি ও উপকরণ সম্পর্কেও সংক্ষিপ্ত ধারণা দিন।
- প্রশিক্ষণে সক্রিয় অংশগ্রহণের প্রয়োজনীয়তা ব্যাখ্যা করুন। এ ছাড়া চা বিরতি, মধ্যাহ্ন বিরতি ও প্রশিক্ষণের ধারণা যাচাইয়ের সময় উল্লেখ করুন।

প্রশিক্ষণের উদ্দেশ্য

প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীরাঃ

১. প্রসবকালীন যত্নের উদ্দেশ্য, সংজ্ঞা, ইতিহাস গ্রহণ ও শারীরিক পরীক্ষাসমূহ উল্লেখ করতে পারবেন;
২. প্রসবের জন্য ব্যবহৃত সরঞ্জামাদি জীবাণুমুক্তকরণ এবং মা ও শিশুর প্রতিরোধযোগ্য রোগসমূহ প্রতিহত করার উপায় ব্যাখ্যা করতে পারবেন;
৩. প্রসব ব্যবস্থাপনা এবং প্রসবকালীন জটিলতা নির্ণয় ও ব্যবস্থাপনা বর্ণনা করতে পারবেন;
৪. নবজাত শিশুর শারীরিক পরীক্ষা ও শিশুর জটিলতায় প্রয়োজনীয় ব্যবস্থাপনা উল্লেখ করতে পারবেন; এবং
৫. প্রসব পরবর্তী মায়ের প্রয়োজনীয় পরামর্শসমূহ ব্যাখ্যা করতে পারবেন।

প্রসবকালীন সেবা

স্থিতি : ২ দিন

প্রশিক্ষণ কর্মসূচী*

১ম দিন

সময়	পাঠ	বিষয়
৯:০০ - ৯:১৫		প্রশিক্ষণের উদ্দেশ্য ও কর্মসূচী
৯:১৫ - ৯:৩০		প্রশিক্ষণ পূর্ব ধারণা যাচাই
৯:৩০ - ১০:৪৫	১	প্রসবকালীন সেবার উদ্দেশ্য, মূল পদক্ষেপ, ইতিহাস গ্রহণ ও শারীরিক পরীক্ষা
১০:৪৫ - ১১:০০		চা বিরতি
১১:০০ - ১১:১৫		উদ্দীপক খেলা
১১:১৫ - ১২:৩০	২	প্রসবকালীন ব্যবহৃত সরঞ্জামাদি জীবাণুমুক্তকরণ
১২:৩০ - ০১:৩০		মধ্যাহ্ন বিরতি
০১:৩০ - ০৩:০০	৩	প্রসব ব্যবস্থাপনা
০৩:০০ - ০৩:১৫		চা বিরতি
০৩:১৫ - ০৪:১৫	৪	প্রসবকালীন জটিলতা ও ব্যবস্থাপনা
০৪:১৫ - ০৫:০০	৫	ভিডিও প্রদর্শন

২য় দিন

সময়	পাঠ	বিষয়
৯:০০ - ৯:৩০		পুনরালোচনা
৯:৩০ - ১১:০০	৬	নবজাত শিশুর যত্ন
১১:০০ - ১১:১৫		চা বিরতি
১১:১৫ - ১১:৩০		উদ্দীপক খেলা
১১:৩০ - ১২:৪৫	৭	মা ও শিশুর প্রতিরোধযোগ্য রোগসমূহ
১২:৪৫ - ০১:৪৫		মধ্যাহ্ন বিরতি
০১:৪৫ - ০২:৪৫	৮	প্রসবকালীন ওষুধ ব্যবহার ও প্রসব পরবর্তী পরামর্শ
০২:৪৫ - ০৩:০০		চা বিরতি
০৩:০০ - ০৩:৩০		মুক্ত আলোচনা
০৩:৩০ - ০৪:৩০		প্রশিক্ষণ পরবর্তী ধারণা যাচাইয়ের প্রস্তুতি
০৪:৩০ - ০৪:৪৫		প্রশিক্ষণ পরবর্তী ধারণা যাচাই

* অংশগ্রহণকারী বা সংস্থার প্রয়োজন অনুযায়ী পরিবর্তন করা যেতে পারে।

প্রসবকালীন সেবার উদ্দেশ্য, মূল পদক্ষেপ, ইতিহাস গ্রহণ ও শারীরিক পরীক্ষা

পাঠ	:	১
স্থিতি	:	১ ঘন্টা ১৫ মিনিট
উদ্দেশ্য	:	অধিবেশন শেষে অংশগ্রহণকারীরা -

- ক. প্রসবকালীন সেবার উদ্দেশ্য ও প্রসবের সংজ্ঞা উল্লেখ করতে পারবেন;
- খ. প্রসবকালীন সেবার মূল পদক্ষেপসমূহ বলতে পারবেন; এবং
- গ. প্রসব ব্যবস্থাপনায় মায়ের ইতিহাস গ্রহণ ও শারীরিক পরীক্ষা বর্ণনা করতে পারবেন।

পাঠ পরিকল্পনা

উদ্দেশ্য	বিষয়	স্থিতি	পদ্ধতি	উপকরণ
	সূচনা	১৫ মি.	বড় দলে আলোচনা	ট্রান্সপারেঙ্গী/পোষ্টার পেপার
ক.	প্রসবকালীন সেবার উদ্দেশ্য ও সংজ্ঞা	১০ মি.	ধারণা প্রকাশ	বোর্ড/মার্কার
খ.	প্রসবকালীন সেবার মূল পদক্ষেপ	১০ মি.	বড়দলে আলোচনা	ট্রান্সপারেঙ্গী
গ.	প্রসব ব্যবস্থাপনায় মায়ের ইতিহাস গ্রহণ ও শারীরিক পরীক্ষা	৩০ মি.	ছোটদলে আলোচনা	ট্রান্সপারেঙ্গী, পোষ্টার পেপার/ মার্কার
	শিক্ষণ মূল্যায়ন	১০ মি.	প্রশ্নোত্তর	নমুনা প্রশ্ন

পূর্বপ্রস্তুতি : - নীচের বিষয়গুলি ট্রান্সপারেঙ্গী বা পোষ্টার পেপার-এ লিখে নিনঃ

- প্রসব ব্যবস্থাপনায় ইতিহাস গ্রহণ ও শারীরিক পরীক্ষা।
- প্রসবকালীন সেবার মূল পদক্ষেপ সমূহ

- অংশগ্রহণকারীদের সংখ্যানুযায়ী ছোট সাদা কাগজ নিন। কিছু কাগজে প্রশ্ন লিখে ভাঁজ করুন ও বাকী সাদা কাগজগুলো ভাঁজ করে সবকয়টি কাগজের প্যাকেটে বা ছোট বাস্ত্রে রাখুন।

পাঠ বিশ্লেষণ

সূচনা

স্থিতি

প্রক্রিয়া

: ১৫ মিনিট

- : - শুভেচ্ছা জানিয়ে প্রশ্ন করুন 'বাংলাদেশে বর্তমানে প্রতি হাজারে মা ও শিশু মৃত্যুর হার কত এবং ২০০০ সালের লক্ষ্যমাত্রা কি?'
- অংশগ্রহণকারীদের উত্তর বোর্ডে লেখার সময় বামদিকে বর্তমান মা ও শিশু মৃত্যুর হার এবং ডানদিকে ২০০০ সালের লক্ষ্যমাত্রা লিখুন।
- অংশগ্রহণকারীদের সংগে আলোচনা করে সঠিক উত্তরটি বের করার চেষ্টা করুন। প্রয়োজনে আপনি সহায়তা দিন।
- এই লক্ষ্যমাত্রা অর্জনের জন্য আমাদের করণীয় কি কি, তা বড়দলে আলোচনা করুন।
- সেশনের উদ্দেশ্য ট্রান্সপারেন্সী বা পোস্টার পেপারের সাহায্যে ব্যাখ্যা করুন।

বাংলাদেশে মা ও শিশু মৃত্যুর হার

বর্তমান হার / প্রতি হাজারে
মা / শিশু
৪.৫/ ৬৭

২০০০ সালের লক্ষ্যমাত্রা
মা / শিশু
২.৮ / ৫০


করণীয়সমূহঃ

- নিয়মিত প্রসবপূর্ব সেবাগ্রহণ, প্রশিক্ষণপ্রাপ্ত সেবাদানকারীকে দিয়ে প্রসব করানো এবং পরবর্তী সেবা গ্রহণে মাকে উদ্বুদ্ধ করা
- গর্ভকালীন, প্রসবকালীন ও প্রসবোত্তর সময়ে যেসব সমস্যায় মায়ের মৃত্যু হতে পারে সেগুলো সম্বন্ধে মাকে/বাড়ীর অন্যান্য সদস্যদেরকে আগেই সচেতন করা ও জরুরী সেবা গ্রহণে উদ্বুদ্ধ করা
- মা ও পরিবারের অন্যান্য সদস্যদের পুষ্টি সম্পর্কে শিক্ষা দেয়া
- শিশুকে শালদুধসহ ৫ মাস পর্যন্ত শুধুমাত্র বুকের দুধ এবং পাঁচ মাস পর বুকের দুধের পাশাপাশি বাড়তি খাবার সম্পর্কে পরামর্শ দেয়া
- শিশুর টিকার প্রয়োজনীয়তা বুঝিয়ে বলা
- পরিকল্পিত পরিবার গঠনে উদ্বুদ্ধ করা।

- উদ্দেশ্য - ক : প্রসবকালীন সেবার উদ্দেশ্য ও সংজ্ঞা
- স্থিতি : ১০ মিনিট
- প্রক্রিয়া : - যে কোন একজন অংশগ্রহণকারীকে প্রশ্ন করুন 'প্রসবকালীন সেবার উদ্দেশ্য কি বা কেন দেয়া দরকার?'
- অন্যান্য অংশগ্রহণকারীদের মতামত নিন। সব মতামত সংক্ষেপে বোর্ডে লিখুন।
- প্রয়োজনে আপনিও মতামত দিন
- এভাবে বোর্ডে লিখিত মতামতের ভিত্তিতে সেবার উদ্দেশ্য ধারাবাহিকভাবে লিখুন
- অনুরূপভাবে বা একই পদ্ধতিতে সবার মতামতের ভিত্তিতে প্রসবের সংজ্ঞা নির্ধারণ করে বোর্ডে লিখুন
- বিশেষ গুরুত্বপূর্ণ শব্দ/পয়েন্টের নীচে ভিন্ন রংয়ের মার্কার দিয়ে দাগ টানুন (এতে অংশগ্রহণকারীদের দীর্ঘদিন মনে রাখতে সহায়ক হবে)।

প্রসবকালীন সেবার উদ্দেশ্য	
ক)	মা ও গর্ভস্থ শিশুর সমস্যা চিহ্নিত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা
খ)	নিরাপদ প্রসব নিশ্চিত করা
গ)	মা ও শিশুর মৃত্যুর ঝুঁকি কমিয়ে আনা এবং
ঘ)	অন্যান্য প্রয়োজনীয় তথ্য যেমন শালদুধসহ শুধুমাত্র বুকের দুধ, মায়ের খাবার, শিশুর টিকা, পরিবার পরিকল্পনা এবং প্রসব পরবর্তী বিপদজনক লক্ষণ সম্পর্কে মাকে অবহিত করা ও জরুরীভাবে হাসপাতালে/স্বাস্থ্যকেন্দ্রে যোগাযোগে উৎসাহিত করা।
প্রসবের সংজ্ঞা	
গর্ভস্থ শিশু, গর্ভফুল (Placenta) ও গর্ভস্থ শিশুর আবরণ (Membrane) জরায়ু থেকে যোনিপথ দিয়ে বের হয়ে আসার প্রক্রিয়াকে প্রসব বলে।	

- উদ্দেশ্য : প্রসবকালীন সেবার মূল পদক্ষেপসমূহ
- স্থিতি : ১০ মিনিট
- প্রক্রিয়া : - প্রসবকালীন সেবার flowchart টি ট্রান্সপারেঙ্গীতে প্রদর্শন করে ধাপে ধাপে ব্যাখ্যা করুন। ব্যাখ্যার পাশাপাশি প্রতিবার্তা নিন।
- আলোচনার শেষে OHP বন্ধ করে দিন ও একজন অংশগ্রহণকারীকে মূল পদক্ষেপসমূহ উল্লেখ করতে বলুন।



উদ্দেশ্য গ	:	প্রসব ব্যবস্থাপনায় মায়ের ইতিহাস গ্রহণ ও শারীরিক পরীক্ষা
স্থিতি	:	৩০ মিনিট
প্রক্রিয়া	:	<ul style="list-style-type: none"> - কোন একটি খেলা বা অন্য কোন উপায়ে অংশগ্রহণকারীদের সংখ্যানুযায়ী ৩/৪ টি দলে ভাগ করুন। - দলের কাজ বুঝিয়ে দিন। দলে আলোচনা করে 'মায়ের কি কি ইতিহাস নিতে হয়' এবং 'কি কি শারীরিক পরীক্ষা করতে হয়' তা লিখবেন। - দলীয় কাজের নিয়ম স্মরণ করিয়ে দিন। পোস্টার পেপার ও মার্কার সরবরাহ করুন। ১৫ মিনিট সময় নির্ধারণ করুন ও কাজের স্থান দেখিয়ে দিন। - ১৫ মিনিট পর সবাইকে বড়দলে ফিরে আসতে বলুন এবং প্রতি দলের কাজ উপস্থাপনার পর অন্যান্য দলের মতামত নিন। - সব দলের উপস্থাপনা শেষে প্রয়োজনে ট্রান্সপারেন্সী/পোস্টার পেপারে ইতিহাস গ্রহণ ও শারীরিক পরীক্ষা প্রদর্শন করুন ও একজন অংশগ্রহণকারীকে দেখে পড়তে বলুন। - পড়া শেষে সবাইকে দলীয় কাজের সাথে মিলিয়ে দেখতে বলুন। অংশগ্রহণকারীদের কোন পয়েন্ট বাদ পড়ে গেলে বা কোন পয়েন্ট অপ্রাসঙ্গিক হলে কারণ সহ ব্যাখ্যা দিন।

ইতিহাস গ্রহণ ও শারীরিক পরীক্ষা

ইতিহাস গ্রহণঃ

কোন মহিলা প্রসব বেদনা নিয়ে এলে মা ও আগত অন্যান্যদেরকে স্বাগত জানান। মাকে আরামদায়ক কোন স্থানে বসতে সহায়তা করুন। মায়ের ইতিহাস নিন ও শারীরিক পরীক্ষা করুন।

১. ব্যক্তিগত ইতিহাস	২. বর্তমান গর্ভের/প্রসব ব্যথার ইতিহাস	৩. পূর্ববর্তী প্রসবের ইতিহাস
নাম বয়স স্বামীর নাম ঠিকানা	<ul style="list-style-type: none"> ● সন্তান সংখ্যা ● শেষ মাসিকের তারিখ ● বর্তমান গর্ভাবস্থায় কোন সমস্যা হয়েছিল বা আছে কিনা ● প্রসব ব্যথা শুরু করার সময় ও ব্যথার ধরণ, ব্যথার বিরতিকাল ও স্থিতি (প্রয়োজনে সকাল, দুপুর, বিকেল, সন্ধ্যা, রাত্রি) ● পানির থলি (Membrane) ভেঙেছে কিনা, ভাঙ্গলে কতক্ষণ আগে, মেকোনিয়াম মিশ্রিত কিনা। ● আঁঠালো স্রাব বা show দেখা গেছে কিনা ● শেষ খাদ্য গ্রহণের সময় ● শেষবার পায়খানা কখন করেছেন ● গর্ভকালীন সেবা নিয়েছেন কিনা ● ব্যথা কমানোর বা বাড়ানোর জন্য কোন ওষুধ খেয়েছেন কিনা 	<ul style="list-style-type: none"> ● মা ঝুঁকিপূর্ণ কি না ● প্রসব স্বাভাবিক ছিল কি না ? ● প্রসব ব্যথা কতক্ষণ ছিল ? ● প্রসবের সময় মায়ের কোন সমস্যা হয়েছিল কিনা? ● প্রসবের সময় কোন যন্ত্রপাতি ব্যবহার করা হয়েছিল কিনা? ● জন্মের পর শিশুর সমস্যা হয়েছিল কি না ?

শারীরিক পরীক্ষাঃ

১. সাধারণ পরীক্ষা	২. তলপেট পরীক্ষা	৩. যোনিপথ (পি.ভি) পরীক্ষা
<ul style="list-style-type: none"> ● নাড়ীর গতি ● রক্তচাপ ● রক্তশুল্কতা ● পায়ে পানি ● প্রস্রাবে এলবুমিন ও শর্করা ● উচ্চতা 	<ul style="list-style-type: none"> ● জরায়ুর উচ্চতা ও জরায়ুর সংকুচিত হওয়ার কারণে জরায়ু শক্ত কিনা ● গর্ভস্থ শিশুর অবস্থান বা উপস্থাপিত অংগ নীচের দিকে নামছে কিনা ● জরায়ু সংকোচনের ধরণ (কতটা শক্তি শালী, কতক্ষণ থাকে ও কতক্ষণ পর পর ব্যথা হয়) ● গর্ভস্থ শিশুর হৃদস্পন্দন ও নড়াচড়া 	<ul style="list-style-type: none"> ● Show বা আঁঠালো স্রাব ● জরায়ুর মুখ খুলছে কিনা ● পানির থলি সামনের দিকে কি না ● পানির থলি (Membrane) ভেঙেছে কিনা/পানি ভাঙ্গলে তা পরিষ্কার বা মেকোনিয়াম মিশ্রিত কিনা ● শিশুর উপস্থাপিত অংগ (presentation) সম্পর্কে নিশ্চিত হওয়া, ও ● নাভিরজ্জুর স্থানচ্যুতি আছে কিনা (cord prolapse)

শিক্ষণ মূল্যায়ন

স্থিতি

ঃ ১০ মিনিট

প্রক্রিয়া

ঃ - সবাইকে উঠে এসে প্যাকেট বা বাক্স থেকে ভাঁজ করা একটি কাগজের টুকরা নিতে বলুন।

- অনুমতি না পাওয়া পর্যন্ত কেউ খুলবেন না
- এরপর খোলার পালা শুরু করুন (প্রথম বসা অংশগ্রহণকারী থেকে)
- এ ভাবে ১, ২, ৩, ৪ বা ৫ জন খুলবেন, এর মধ্যে যিনি প্রশ্ন পাবেন তিনি প্রশ্নটির উত্তর দিবেন এবং যারা সাদা কাগজ পাবেন তারা প্রয়োজনে সহায়তা করবেন।
- উত্তর দেবার সময় কোন উল্লেখযোগ্য পয়েন্ট বাদ গেলে আপনি যোগ করুন।
- এভাবেই প্রশ্নোত্তর পর্ব শেষ করুন।
- আলোচনায় অংশগ্রহণের জন্য সবাইকে ধন্যবাদ জানিয়ে অধিবেশন শেষ করুন।

নমুনা প্রশ্ন :

- মা ও শিশু মৃত্যুর বর্তমান হার কত ?
- মা ও শিশু মৃত্যুর হার কমিয়ে আনতে ২০০০ সালের লক্ষ্যমাত্রা বলুন ?
- প্রসবকালীন সেবার উদ্দেশ্য কি কি ?
- প্রসবের সংজ্ঞা কি ?
- প্রসব ব্যবস্থাপনায় মায়ের কি কি ব্যক্তিগত ইতিহাস নিতে হবে ?
- প্রসব ব্যথা নিয়ে এলে মায়ের বর্তমান গর্ভের ও প্রসব ব্যথা সম্পর্কে কি কি প্রশ্ন করবেন ?
- পূর্ববর্তী প্রসবের কি কি ইতিহাস নেয়া দরকার ?
- যোনিপথ পরীক্ষায় কি কি দেখতে হবে ?
- সাধারণ পরীক্ষা ও তলপেট পরীক্ষার সময় কি কি পরীক্ষা করবেন ?

প্রসবকালীন ব্যবহৃত সরঞ্জামাদি জীবাণুমুক্তকরণ

পাঠ : ২
 স্থিতি : ১ ঘন্টা ১৫ মিনিট
 উদ্দেশ্য : অধিবেশন শেষে অংশগ্রহণকারীরা -

- ক. প্রসবকালে জীবাণুমুক্ত সরঞ্জামাদি ব্যবহারের প্রয়োজনীয়তা উল্লেখ করতে পারবেন;
 খ. বিভিন্ন সরঞ্জামাদির নাম বলতে পারবেন; এবং
 গ. জীবাণুমুক্ত করার পদ্ধতি ও হাত ধোয়ার নিয়ম ব্যাখ্যা করতে পারবেন।

পাঠ পরিকল্পনা

উদ্দেশ্য	বিষয়	স্থিতি	পদ্ধতি	উপকরণ
	সূচনা	৫ মি.	বড় দলে আলোচনা	ট্রান্সপারেন্সী/ পোস্টার পেপার
ক.	প্রসবকালে জীবাণুমুক্ত জিনিষপত্র ব্যবহারের প্রয়োজনীয়তা	১০ মি.	ধারণা প্রকাশ	বোর্ড/মার্কার
খ.	সরঞ্জামাদির নাম	২০ মি.	প্রদর্শন	বোর্ড, মার্কার, ও সরঞ্জামাদির নমুনা
গ.	জীবাণুমুক্ত করার পদ্ধতি ও হাত ধোয়ার নিয়ম	৩০ মি.	হাতে কলমে প্রদর্শন	বোর্ড, মার্কার, গ্লাভস, সাবান/পানি/পাত্র
	শিক্ষণ মূল্যায়ন	১০ মি.	প্রশ্নোত্তর	নমুনা প্রশ্ন

- পূর্বপ্রস্তুতি :
- সেশনের উদ্দেশ্য ট্রান্সপারেন্সী বা পোস্টার পেপারে লিখে রাখুন।
 - মিডওয়াইফারী কিট-এর সরঞ্জামাদির বাস্তব নমুনা সংগ্রহ করুন।
 - জীবাণুমুক্ত করার পদ্ধতি ও হাত ধোয়ার নিয়ম প্রদর্শনের জন্য সাবান, পানি, পানির পাত্র, নেইল ব্রাশ, ও অনুশীলনের জন্য কয়েক জোড়া গ্লাভস্ যোগাড় করুন।
 - নমুনা প্রশ্নগুলি ৪টি কার্ডে নম্বর দিয়ে ৪টি প্রশ্ন লিখে VIPP বোর্ডে উল্টো করে রাখুন।

পাঠ বিশ্লেষণ

সূচনা

স্থিতি

প্রক্রিয়া

: ৫ মিনিট

- : - সবাইকে শুভেচ্ছা জানিয়ে বলুন, ‘আগের সেশনে প্রসবকালীন ইতিহাস গ্রহণ ও শারীরিক পরীক্ষা নিয়ে আমরা আলোচনা করেছি। আমরা জানি, প্রসবকালে ব্যবহৃত সরঞ্জামাদি জীবাণুমুক্ত করে ব্যবহার না করলে প্রসব পরবর্তী সময়ে বিভিন্ন জটিলতা দেখা দিতে পারে। বাড়ীতে বা হাসপাতালে নিরাপদ প্রসব নিশ্চিত করতে জীবাণুমুক্ত অর্থাৎ স্বাস্থ্যসম্মত উপায়ে প্রসব করানো খুবই গুরুত্বপূর্ণ। আসুন, এই সেশনে আমরা প্রয়োজনীয় এ বিষয়টি নিয়ে আলোচনা করি।’
- সেশনের উদ্দেশ্য লেখা পোস্টার পেপার বা ট্রান্সপারেন্সী প্রদর্শন করুন এবং একজন অংশগ্রহণকারীকে সেশনের উদ্দেশ্য পড়ে ব্যাখ্যা করতে বলুন।

উদ্দেশ্য - ক

স্থিতি

প্রক্রিয়া

: প্রসবকালে জীবাণুমুক্ত সরঞ্জামাদি ব্যবহারের প্রয়োজনীয়তা

: ১০ মিনিট

- : - প্রশ্ন করুন, ‘জীবাণুমুক্ত জিনিষপত্র ব্যবহারের প্রয়োজনীয়তা কি অর্থাৎ ব্যবহার না করলে কি কি জটিলতা হতে পারে?’
- অংশগ্রহণকারীদের ধারণা বোর্ডে লিখুন
- কোন পয়েন্ট ভুল বা অপ্রাসঙ্গিক হলে ব্যাখ্যা করে বুঝিয়ে দিন
- প্রয়োজনে আপনার মতামত যোগ করুন।

প্রসবকালে জীবাণুমুক্ত সরঞ্জামাদি ব্যবহার না করার ফলে সৃষ্ট সমস্যাসমূহ

- প্রসব পরবর্তী সংক্রমণ (Puerperal Sepsis)
- প্রজননতন্ত্রের সংক্রমণ (Reproductive Tract Infection)
- প্রস্রাবের রাস্তায় সংক্রমণ (Urinary Tract Infection)
- নবজাত শিশুর ধনুষ্ঠংকার (Neonatal Tetanus)
- শিশুর নাভীর সংক্রমণ (Umbilical Infection)

- উদ্দেশ্য - খ : প্রসবকালে ব্যবহৃত বিভিন্ন সরঞ্জামাদি
স্থিতি : ২০ মিনিট
প্রক্রিয়া : - অংশগ্রহণকারীদের একে একে বোর্ডে এসে প্রসবের সময় ব্যবহৃত একটি করে সরঞ্জামের নাম লিখতে অথবা বলতে বলুন। (অংশগ্রহণকারীর নাম বললে আপনি বোর্ডে লিখুন)।
- কোন সরঞ্জামের নাম একবার লেখা বা বলা হলে তা পুনরাবৃত্তি করা যাবেনা।
 - কোনটির নাম বাদ পড়ে গেলে আপনি যোগ করুন।
 - অংশগ্রহণকারীরা প্রসবকালে মিডওয়াইফারী কিট ব্যবহার করেন কি না প্রশ্ন করে জেনে নিন এবং কিট এর বিভিন্ন সরঞ্জামাদি প্রদর্শন করে আলোচনা করুন। উল্লেখ করুন, যদিও আমরা ক্লিনিকে প্রসব করানোর সময় মিডওয়াইফারী কিট ব্যবহার করি কিন্তু বাড়ীতে প্রসব করাতে হলে অবশ্যই মিডওয়াইফারী কিট সংগে নিতে হবে। কারণ, যে কোন জরুরী অবস্থায় রোগীকে প্রাথমিক ব্যবস্থাপনা দিয়ে রেফার করা প্রয়োজন হতে পারে।

প্রসবকাজে ব্যবহৃত সরঞ্জামাদি মিডওয়াইফারী কিট-এ যন্ত্রপাতি		
তালিকা নং	সরঞ্জামের নাম	পরিমান/সংখ্যা
1.	Sterilizer Instrument 222c x 82 x 41 mm stainless	1
2.	Basin Kidney, 825 M1 Autoclavable polypropylene	1
3	Bowl, sponge SS set of 1 nesting closely	1
4.*	Irrigator 1.5 Ltr. Stainless steel	1
5.	Apron Utility 900mm x 1 m clear vinyl plastic	1
6	Catheter Tracheal Delee open tip Funnel and 16 FR	1
7.	Catheter Urethral Nelaton solid tip one eye 12 FR	2
8.*	Connector 5-in for 5.7 to 10.9 mm tubing Nylon	1
9.*	Connector 3-in for 4.7 to 7.9 mm Nylon	1
10.	Fonchen clear polypropylene 250 x 380 mm long	1
11.	Sheeting plastic clear viny 1910 mm wide	2
12.*	Tube Rectal one eye Funnel end 22 FR 500 mm rubber	1
13.*	Tubing latex rubber for irrigator 1.5 m length	1
14.	Bottle dropping 10 ml amber glass	1
15.	Bottle narrow mouth round screw-cap ml. amber glass	1
16.	Bottle wide mouth round screw-cap 60 ml. amber glass	1
17.	Brush surgeon's white Nylon Bristles	1
18.	Case for 12 ml syringe needles empty metal	1
19.	Clamp rubing regulating Hoffman 13 x 19 mm	1

প্রসবকাজে ব্যবহৃত সরঞ্জামাদি
মিডওয়াইফারী কিট-এ যন্ত্রপাতি

(পূর্ববর্তী পাতা থেকে)

তালিকা নং	সরঞ্জামের নাম	পরিমান/সংখ্যা
20	Cotton Absorbent non-sterile 113G	1
21	Gauze-pad sterile 12-FLY 76 x 76 mm square	20
22.	Clamp tubing regulating Hoffman 13 x 19 mm	1
23.	Pins safety medium size/40mm bag of 12	1
24	Soap box 2 pieces hinged plastic	1
25	Soap toilet 112G bar unwrapped	1
26	Scale spring baby pocket 7 kgs/75 lbs Dual Grad	1
27	Tape measure 1.5 m/60 vinyl coated fibre glass	1
28	Towel Huck 430 x 500 mm	2
29	Urine-analysis outfit (Albumin) test tubes/bolt/clamp	1
30	Stethoscope Ford Type Binural complete	1
31	Forceps Hermostat straight Rochester pean 160 mm SS	2
32	Forceps sterilizer (Utility) 200 mm Vaughn CRM	1
33	Needles hypo 0.70 x 32 mm x 226% 11/4 luer box of 12	1
34	Scissors surgical straight 140 mm B/B SS	1
35	Syringe hypo. 2 luer glass	1
36	Ergometrine-Maleate tablets 0.2 mg vial of 10	1
37	Thermometer Clinical oral 35 to 42C	1
38	Thermometer Clinical rectal 25 mg to 42C	1
39	Case for Midwifery Kit with lid empty aluminium	1
40.	Stretcher army type folding	1

প্রসব সংক্রান্ত কাজ করার সময় (*) তারকা চিহ্নিত জিনিসগুলো এনেমা দেবার কাজে ব্যবহার করা হয়।

- উদ্দেশ্য : জীবাণুমুক্তকরার পদ্ধতি ও হাত ধোয়ার নিয়ম
- স্থিতি : ৩০ মিনিট
- প্রক্রিয়া :
- উল্লেখ করুন, 'নিরাপদ প্রসব নিশ্চিত করতে হলে আমাদের দুটো গুরুত্বপূর্ণ বিষয়ের দিকে লক্ষ্য রাখতে হবে। প্রথমটি হচ্ছে সঠিক নিয়মে হাত ধোয়া ও গ্লাভস পরা এবং অপরটি হচ্ছে সরঞ্জামাদি জীবাণুমুক্ত করে যথাযথভাবে ব্যবহার করা।'
 - অংশগ্রহণকারীদের যে কোন একজনকে প্রশ্ন করুন প্রসব করানোর সময় কিভাবে হাত ধোন অর্থাৎ হাত ধোয়ার নিয়ম কি ?
 - অন্যান্য অংশগ্রহণকারীদের মতামত দিতে বলুন ও প্রয়োজনে আপনার মতামত দিন।

- একইভাবে গ্লাভস্ পরার নিয়ম ও সরঞ্জামাদি জীবাণুমুক্ত করার পদ্ধতি অংশগ্রহণকারীদের কাছ থেকে জেনে নিন ও আপনার মতামত দিন।
- অংশগ্রহণকারীদের হাতে কলমে গ্লাভস্ পরার নিয়ম অনুশীলন করান (সম্ভব হলে অথবা সুযোগ থাকলে হাতে কলমে জীবাণুমুক্তকরণ ও হাত ধোয়ার নিয়ম অনুশীলন করা যেতে পারে।)

জীবাণুমুক্তকরণ পদ্ধতি ও হাত ধোয়ার নিয়ম	
<p>মা ও শিশুর অনেকগুলো প্রতিরোধযোগ্য রোগ ও জটিলতা প্রতিহত করার জন্য প্রসবের সময় হাত ধোয়া ও প্রসবের কাজে ব্যবহৃত সরঞ্জামাদি জীবাণুমুক্তকরণ অত্যন্ত গুরুত্বপূর্ণ।</p>	
হাত ধোয়ার নিয়ম	
<ul style="list-style-type: none"> ● কাপড় আট-সাঁট করে বেঁধে নিন, এপ্রোন পরুন। ● লম্বা চুল থাকলে তা বেঁধে নিন। ● হাতে চুড়ি ও আংটি থাকলে খুলে নিন। ● আঙ্গুলে লম্বা নখ থাকলে কেটে নিন। ● হাতে পানি ঢেলে দেবার জন্য একজন সাহায্যকারীর সাহায্য নিন। ● দুই হাতের কনুই পর্যন্ত ভালভাবে ২ বার সাবান লাগিয়ে পরিষ্কার পানি দিয়ে ধুয়ে ফেলুন। ● এরপর ব্রাশে সাবান লাগিয়ে দুই হাতের কনুই পর্যন্ত, নখ, আঙ্গুলের ফাঁক কমপক্ষে পাঁচমিনিট ঘষে নিন। ● এর পর হাত দুটোকে উপরের দিকে সোজা করে রেখে সাহায্যকারীকে পানি ঢেলে দিতে বলুন যাতে পানি কনুই দিয়ে নেমে যেতে পারে। ● সম্পূর্ণ ধোয়া হয়ে গেলে জীবাণুমুক্ত কাপড় দিয়ে হাত মুছে অথবা হাত দুটিকে সোজা রেখে বাতাসে শুকিয়ে নিন। জীবাণুমুক্ত গ্লাভস্ পরুন। 	
জীবাণুমুক্তকরণ	
<ul style="list-style-type: none"> ● নাজী কাটার ব্লেড ও সূতা সহ অন্যান্য প্রয়োজনীয় সরঞ্জামাদি ফুটন্ত পানিতে ৩০ মিনিট সিদ্ধ করে নিন অথবা ● কেন্দ্রে অটোক্লেভ থাকলে অটোক্লেভ করে সরঞ্জামাদি জীবাণুমুক্ত করুন। ১৫ পাউণ্ড প্রেসারে ১২১ ডিগ্রী সেন্টিগ্রেড তাপমাত্রায় ৩০ মিনিট সরঞ্জামাদি জীবাণুমুক্ত করুন। 	
অন্যান্য	
<ul style="list-style-type: none"> ● প্রসবের সময় সরঞ্জামাদি এলোমেলোভাবে না রেখে গুছিয়ে রাখুন যেন নির্দিষ্ট দূরত্বে হাতের নাগালের মধ্যে থাকে এবং প্রয়োজনমত ব্যবহার করতে পারেন। ● বাজীতে প্রসব করাতে হলে প্রসবের পরে সমস্ত আবর্জনা নির্দিষ্ট জায়গায় ফেলে দিতে বলুন ও প্রয়োজনীয় সরঞ্জামাদি সাবান পানিতে ধুয়ে শুকিয়ে কিট্ এর মধ্যে গুছিয়ে রাখুন। 	

গ্লাভস পরার নিয়ম

- গ্লাভস এর বাইরের মোড়ক খুলে গ্লাভস এর প্যাকেট একটি পরিষ্কার স্থানে রাখুন। গ্লাভসের কাফ আপনার সম্মুখ দিকে থাকবে। যদি মোড়কের ভেতরের দিকটিকে নিবীজন ক্ষেত্র হিসাবে ব্যবহার করতে চান তাহলে ভিতরের অংশ স্পর্শ করবেন না।
- পেছন দিকে ভাঁজ করা কাফ হাত দিয়ে ধরে একটি গ্লাভস উপরে তুলুন। মনে রাখবেন, শুধুমাত্র কাফের ভিতরের দিক স্পর্শ করবেন (অর্থাৎ যে দিকটি গ্লাভস পরার পর আপনার হাতের সংস্পর্শে আসবে।)
- গ্লাভসের আংগুলগুলি নিচের দিকে বুলিয়ে দিন। এমনিতেই গ্লাভসের আংগুলগুলি খুলে যাবে। মনে রাখবেন, গ্লাভস পরার পর কোন কিছু ধরবেন না। হাত দুটি উর্দ্ধমুখী করে রাখুন।
- যদি প্রথম গ্লাভসটি হাত ঠিকমত ফিট না করে, তাহলে আরেকটি গ্লাভস না পরা পর্যন্ত অপেক্ষা করুন। তারপর আরেকটি হাতের গ্লাভসের নিবীজনকৃত আংগুলগুলি ব্যবহার করে আপনার অন্য হাতের গ্লাভস ঠিকমত পরে নিতে পারবেন।
- দ্বিতীয় গ্লাভসটি তোলার জন্য গ্লাভস পরা হাতের আংগুলগুলি দ্বিতীয় গ্লাভসের ভাঁজকরা কাফ এবং নিবীজনকৃত অংশের মাঝখান দিয়ে চুকিয়ে দিন। গ্লাভস না পরা হাত দিয়ে গ্লাভস পরা হাত যাতে দূষিত না হয় তার জন্য এটা খুব গুরুত্বপূর্ণ।
- দ্বিতীয় গ্লাভসটি পরার সময় যে হাতে গ্লাভস পরা আছে তার আংগুলগুলি দ্বিতীয় গ্লাভসের কাফের ভাঁজে বসিয়ে একটানে অন্য হাতে পরে নিন।
- গ্লাভস একবার পরা হয়ে গেলে আর কখনো গ্লাভসে ভাঁজ ঠিক করার চেষ্টা করবেন না। কারণ এতে দূষণের ঝুঁকি থাকে।
- গ্লাভসগুলো সঠিক ও সহজভাবে আংগুলে আরামদায়কভাবে ফিট না করা পর্যন্ত গ্লাভসের আংগুল নাড়াচাড়া দিয়ে ঠিক করে নিন।
- গ্লাভস পরা হাত সবসময় কোমরের চেয়ে উঁচুতে রাখবেন এবং সব সময় লক্ষ্য রাখবেন যেন দূষণ না ঘটে।
- যদি গ্লাভস দূষিত হয়ে যায়, তাহলে ওই গ্লাভসটি খুলে ফেলুন, এবং আরেকটি গ্লাভস পরুন।
- গ্লাভস খোলার সময় যেন আপনার হাত নিবীজনকৃত স্থানের সংস্পর্শে না আসে সেদিকে খেয়াল রাখবেন (কারণ গ্লাভসের বাইরের দিক এখন দূষিত)।
- দূষিত গ্লাভসটি যদি ফুটো বা ছেঁড়া না থাকে তবে পরিষ্কার করার বা জীবাণুমুক্ত করার বা নিবীজন করার দ্রব্যাদি রাখার পাত্রে রেখে দিন। গ্লাভসগুলো যদি ফুটো হয়ে যায় বা ফেটে যায় তাহলে সেগুলো ফেলে দেওয়ার আগে ০.৫% ব্লীচে ডুবিয়ে রাখবেন। এর ফলে আবর্জনা পরিষ্কার করার কাজে নিয়োজিত কর্মীদের সংক্রমিত হওয়ার সম্ভাবনা রোধ করা যাবে।

শিক্ষণ মূল্যায়ন

স্থিতি : ১০ মিনিট

প্রক্রিয়া : - অংশগ্রহণকারীদের ১, ২, ৩, ৪ পর্যন্ত গুনে আবার ১নং দিয়ে শুরু করুন।

- VIPP বোর্ডে উল্টে রাখা লেখা কার্ড ঘুরিয়ে সোজা করে দিন। বলুন, আপনারা যে যেই নম্বরটি গুনেছেন অর্থাৎ যারা ১ গুনেছেন তারা ১নং প্রশ্ন, ২ -- ২ নং প্রশ্নের আলোচনা করুন। এভাবে ৪নং পর্যন্ত বন্টন করুন এবং ৩ মিনিট সময় নির্ধারণ করুন। সময় শেষ হলে ১ নং থেকে শুরু করুন অর্থাৎ যারা ১নং পেয়েছেন তাদের প্রথম উত্তর দিতে বলুন। এভাবে ৪নং পর্যন্ত যান।

- নির্দিষ্ট নম্বরের প্রশ্নোত্তরের সময় অন্যান্য অংশগ্রহণকারীদের মতামত নিন ও আপনিও মতামত যোগ দিন।

- সকলকে ধন্যবাদ জানিয়ে সেশন শেষ করুন।

নমুনা প্রশ্নঃ

- সরঞ্জামাদি কি কি উপায়ে কতক্ষণ জীবাণুমুক্ত করতে হয়? প্রসবকালে জীবাণুমুক্ত সরঞ্জাম ব্যবহার না করলে কি সমস্যা হতে পারে?
- হাত ধোয়ার নিয়ম ব্যাখ্যা করুন।
- মিডওয়াইফারী কিট-এ কি কি সরঞ্জাম থাকে?
- গ্লাভস পরার নিয়ম প্রদর্শন করুন।

প্রসব ব্যবস্থাপনা

পাঠ : ৩
 স্থিতি : ১ ঘন্টা ৩০ মিনিট
 উদ্দেশ্য : অধিবেশন শেষে অংশগ্রহণকারীরা -

- ক. স্বাভাবিক প্রসবের লক্ষণ, চিহ্ন বর্ণনা করতে পারবেন;
- খ. প্রসবের ধাপ ও প্রসব ব্যবস্থাপনা ব্যাখ্যা করতে পারবেন; এবং
- গ. বাড়ীতে প্রসব ব্যবস্থাপনায় প্রয়োজনীয় প্রস্তুতি সম্পর্কে উল্লেখ করতে পারবেন।

পাঠ পরিকল্পনা

উদ্দেশ্য	বিষয়	স্থিতি	পদ্ধতি	উপকরণ
	সূচনা	৫ মি.	বড় দলে আলোচনা	বড় আয়তাকার কার্ড
ক.	স্বাভাবিক প্রসবের লক্ষণ ও চিহ্ন	২০ মি.	বাজ দলে আলোচনা	কার্ড, মার্কার ও ট্রান্সপারেন্সী
খ.	প্রসবের ধাপ ও ব্যবস্থাপনা	৬৫ মি.	পাঠচক্র ও সতীর্থ শিক্ষণ	বিষয়ের কপি ও বোর্ড/মার্কার
গ.	বাড়ীতে প্রসব ব্যবস্থাপনায় প্রস্তুতি			

- পূর্বপ্রস্তুতি:**
- সেশনের নাম বড় আয়তাকার কার্ডে লিখে রাখুন
 - নিম্নলিখিত বিষয়গুলি ট্রান্সপারেন্সী বা পোস্টার পেপারে লিখে নিনঃ
 - ◆ সেশনের উদ্দেশ্য
 - ◆ স্বাভাবিক প্রসবের লক্ষণ ও চিহ্ন
 - যথেষ্ট সংখ্যক VIPP কার্ড, মার্কার ও VIPP বোর্ড যোগাড় করে রাখুন।
 - 'প্রসবের ধাপ, ব্যবস্থাপনা ও বাড়ীতে প্রসব প্রস্তুতি,' প্রতিটি অংশগ্রহণকারীর জন্য কপি রাখুন।

পাঠ বিশ্লেষণ

সূচনা
স্থিতি
প্রক্রিয়া

৫ মিনিট

- সবাইকে স্বাগত জানিয়ে সেশন শিরোনাম লেখা কার্ড বোর্ডে লাগিয়ে দিন।
- গত সেশনের সূত্র টেনে বলুন 'প্রসব কাজে ব্যবহৃত সরঞ্জামাদি জীবাণুমুক্তকরণ ও হাত ধোয়ার নিয়ম সম্বন্ধে আমরা জেনেছি। এই সেশনে স্বাভাবিক প্রসবের লক্ষণ, চিহ্ন, প্রসবের ধাপ ও প্রসবের জন্য প্রয়োজনীয় প্রস্তুতি নিয়ে আলোচনা করবো।'
- ট্রান্সপারেন্সী বা পোস্টার পেপার দেখিয়ে একজন অংশগ্রহনকারীকে সেশনের উদ্দেশ্য পড়তে বলুন।

উদ্দেশ্য ক
স্থিতি
প্রক্রিয়া

স্বাভাবিক প্রসবের লক্ষণ ও চিহ্ন

২০ মিনিট

- পাশাপাশি দুই বা তিনজন নিয়ে একটি বাজ দল তৈরী করুন।
- প্রতি দলকে ২টি করে কার্ড ও মার্কার দিন।
- বাজদলে আলোচনা করে স্বাভাবিক প্রসবের ২টি করে লক্ষণ বা চিহ্ন লিখতে বলুন।
- ৩ মিনিট সময় নির্ধারণ করুন।
- সময় শেষ হলে কার্ড সংগ্রহ করে shuffle করুন।
- একটি করে কার্ড দেখান ও জোরে পড়ুন এবং সবার মতামতের ভিত্তিতে একই ধরনের কার্ডগুলো ক্লাস্টার করে বোর্ড লাগান।
- কোন পয়েন্ট বাদ পড়ে গেলে অংশগ্রহনকারীদের যোগ করতে আমন্ত্রণ জানান অথবা প্রয়োজনে আপনিও যোগ করতে পারেন।
- এবার প্রসবের লক্ষণ ও চিহ্নের প্রতিটি পয়েন্টের ব্যাখ্যা (প্রয়োজনে ট্রান্সপারেন্সী ব্যবহার করে) বড় দলে আলোচনা করুন।

স্বাভাবিক প্রসবের লক্ষণচিহ্ন

লক্ষণঃ

- ক) প্রসব ব্যথা
- খ) জরায়ুর মুখ ধীরে ধীরে খুলে যাওয়া ও দৈর্ঘ্য ছোট হয়ে আসা
- গ) যোনিপথে লালচে রং এর আঁঠালো স্রাব (show) বের হওয়া

ক) **প্রসব ব্যথাঃ** নির্দিষ্ট বিরতি দিয়ে নিয়মিত ব্যথা হয় ও ব্যথা ৪০-৫০ সেকেন্ড স্থায়ী হয়। জরায়ুর সংকোচনের ধরণ বিভিন্ন মহিলার ক্ষেত্রে বিভিন্ন রকম হয়। সাধারণতঃ প্রসবের শুরুর দিকে ১৫-২০ মিনিট পর পর ব্যথা হয়, ক্রমান্বয়ে ঘন ঘন হতে থাকে এবং সংকোচনের তীব্রতার ফলে ব্যথা বাড়তে থাকে।

সত্যিকারের প্রসব ব্যথা কোমরের পিছন দিক থেকে শুরু হয়ে তলপেট ও নিতম্বের দিকে চলে যায়। ধীরে ধীরে সংকোচন বেড়ে ব্যথা ২-৩ মিনিট পর পর হয় ও প্রায় ১ মিনিট স্থায়ী থাকে। দুই সংকোচনের মধ্যবর্তী সময়ে গর্ভফুলের মধ্যে রক্তসঞ্চালন স্বাভাবিকভাবে হয়, শিশু গর্ভফুলের মাধ্যমে প্রয়োজনীয় অক্সিজেন পায় এবং মা তাঁর ক্লান্তি দূর করতে পারেন।

খ) **জরায়ুর মুখ ধীরে ধীরে খুলে যাওয়া ও দৈর্ঘ্য ছোট হয়ে আসাঃ** যে সমস্ত মহিলা প্রথমবার মা হতে যাচ্ছেন তাদের ক্ষেত্রে জরায়ুর মুখ পুরু ও দেড় থেকে দুই ইঞ্চি লম্বা থাকে। যারা আগে মা হয়েছেন, তাদের জরায়ুর মুখ আংশিকভাবে খোলা থাকতে পারে। কারণ তাদের জরায়ুর মুখ (cervix) জরায়ুর সাথে অনেকাংশে মিশে থাকে।

সংকোচনের ফলে জরায়ুর মুখের (cervix) দৈর্ঘ্য ছোট ও পাতলা হয়ে আসে। সংকোচন বৃদ্ধির সাথে সাথে এই খোলার প্রক্রিয়া বাড়তে থাকে।

গ) **লালচে আঁঠালো স্রাব বা show:** গর্ভকালীন অবস্থায় জরায়ু মুখে একধরণের আঁঠালো স্রাব (mucus plug) থাকে। এতে বাইরে থেকে জীবাণু জরায়ুর ভেতরে প্রবেশ করতে পারে না। প্রসব ব্যথা শুরু হলে জরায়ুর মুখ খোলার সময় সেই স্রাব যোনিপথে বের হয় এবং প্রসবের শুরুতেই দেখা যায়।

চিহ্নঃ

- প্রসব ব্যথা শুরু হলে নাড়ীর গতি স্বাভাবিকের চেয়ে কিছুটা বেড়ে যায়।
- রক্তচাপ স্বাভাবিক থেকে কিছুটা বেড়ে যায়।

পেট পরীক্ষাঃ

- পেটের উপর হাত রাখলে জরায়ু শক্ত মনে হবে।
- জরায়ু সংকোচনের ফলে শিশুর উপস্থাপিত অঙ্গ নীচের দিকে নামতে থাকবে।

যৌনাঙ্গ পরীক্ষাঃ

- জরায়ুর মুখ খুলতে থাকবে।
- পানির থলি (Membrane) মুখের কাছে থাকবে।
- এক সময় পানি ভেঙে যাবে, ফোঁটা ফোঁটা পানি বা Liquor Amni পড়বে এবং প্রসবদ্বারা শিশুর উপস্থাপিত অঙ্গ দেখা যাবে।

- উদ্দেশ্য খ ও গ : প্রসবের ধাপসমূহ ও ব্যবস্থাপনা এবং বাড়ীতে প্রসব ব্যবস্থাপনায় প্রস্তুতি
- স্থিতি : ৬৫ মিনিট
- প্রক্রিয়া : - অংশগ্রহণকারীদের খেলার মাধ্যমে দু'টি দলে ভাগ করুন।
- বিষয়ের ফটোকপি সবার হাতে দিন এবং দুই দলকে পড়ার জন্য আলাদা জায়গা নির্দিষ্ট করে দিন। ৩০ মিনিট সময় নির্ধারণ করুন।
- উল্লেখ করুন যে, পড়ার পর দলে পরস্পর আলোচনা করে প্রত্যেকে ২টি করে প্রশ্ন তৈরী করবেন। প্রশ্নকারীকে অবশ্যই প্রশ্নের উত্তর জানতে হবে। প্রশ্নগুলি সুনির্দিষ্ট ও বিষয় সম্পর্কিত হতে হবে। একই প্রশ্নের পুনরাবৃত্তি করা যাবেনা এবং পড়া ও প্রশ্ন তৈরী শেষ হলে দুই দলের মধ্যে প্রতিযোগিতা হবে।
- দলে বসে পড়ার সময় অংশগ্রহণকারীদের কাছে যান এবং বিষয় সম্পর্কিত কোন প্রশ্ন থাকলে ব্যাখ্যা করে বুঝিয়ে দিন।
- নির্দিষ্ট সময় পর ফিরে এসে দুই দলকে মুখোমুখি বসতে বলুন।
- যদি অংশগ্রহণকারী বেজোড় সংখ্যাক হন তবে একজনকে আপনার সহযোগী হিসেবে কাজ করতে অনুরোধ করতে পারেন।
- সতীর্থ শিক্ষণ পদ্ধতিতে সেশনের অংশটুকু পরিচালনা করুন।
- উপসংহারে বলুন, 'এতক্ষন এই খেলার মাধ্যমে আমরা প্রসবের ধাপ ও করণীয় এবং প্রসব ব্যবস্থাপনায় প্রস্তুতি শিখতে চেষ্টা করলাম। খেলায় হারজিৎ বড় বিষয় নয়, বরং শিখতে পারাটাই মুখ্য আর এটাই ছিল এ সেশনের উদ্দেশ্য।'

প্রসবের ধাপ

স্বাভাবিক প্রসবকালকে তিনটি ধাপ বা পর্যায়ে ভাগ করা হয়।

প্রথম ধাপ বা পর্যায় : প্রসব বেদনা আরম্ভ হওয়া থেকে জরায়ুর মুখ সম্পূর্ণ খোলা পর্যন্ত
প্রথম গর্ভবতীর ক্ষেত্রে - ১২ থেকে ১৮ ঘন্টা এবং
পরবর্তী সন্তান জন্মদানের ক্ষেত্রে ৩ থেকে ১২ ঘন্টা।

দ্বিতীয় ধাপ বা পর্যায় : জরায়ুর মুখ সম্পূর্ণ খোলা থেকে সন্তান পুরোপুরি বেরিয়ে আসা পর্যন্ত
প্রথম গর্ভে ২ ঘন্টা ও
পরবর্তী গর্ভে ১ ঘন্টা

তৃতীয় ধাপ বা পর্যায় : সন্তান প্রসবের পর থেকে ঝিল্লী সহ সম্পূর্ণ গর্ভফুল বেরিয়ে যাওয়া পর্যন্ত
৩০ মিনিট (সব গর্ভের ক্ষেত্রে)
সর্বমোট সময়: প্রাইমাগ্রাভিডা : ১৮-২৪ ঘন্টা
মালটিগ্রাভিডা : ৩ - ৬ ঘন্টা।

প্রসব ব্যবস্থাপনা

প্রথম ধাপ

- পর্যবেক্ষণে রাখুন। উৎসাহ দিন।
- তরল খাবার দিন।
- মলত্যাগ করতে বলুন। প্রয়োজনে এনেমা দিন।
- রোগীকে হাঁটতে উৎসাহিত করুন। মাঝে মাঝে বামপাশে শুয়ে বিশ্রাম নিতে পারেন।
- প্রয়োজনীয় যন্ত্রপাতি যেমনঃ সূতা, রেড, তুলা, গজ সেক করে নিন।
- অন্যান্য প্রয়োজনীয় জিনিস যেমনঃ প্লাষ্টিক শীট, ব্রাশ, সাবান, পরিষ্কার পুরনো কাপড় হাতের কাছে রাখুন।
- আধ ঘন্টা পর পর নাড়ির গতি, রক্তচাপ, জরায়ু সংকোচনের ধরণ, স্থিতি পরীক্ষা করুন ও রেকর্ড রাখুন।
- জরায়ু সংকোচনের সময় বর্হিমুখী চাপ দিতে এবং দুই সংকোচনের মধ্যবর্তী সময়ে গভীরভাবে শ্বাস নিতে বলুন।
- পরিষ্কার তুলো দিয়ে জরায়ুর স্রাব মুছে দিন।
- বার বার প্রস্রাব করে মূত্রথলি খালি রাখতে বলুন।
- প্রস্রাবে এলবুমিন পরীক্ষা করুন, ইডিমা আছে কি না দেখুন।
- প্রসবের অগ্রগতি হচ্ছে কিনা দেখুন।

দ্বিতীয় ধাপ

- রক্তচাপ, শিশুর হৃদস্পন্দন ঘন ঘন পরীক্ষা করুন ও রেকর্ড রাখুন।
- হাত ধুয়ে জীবাণুমুক্ত গ্লাভস পরুন।
- পরিষ্কার প্যাড/কাপড় দিয়ে প্রতিটি ব্যথার সাথে সাথে পেরিনিয়াল গার্ড দিন।
- মা কোঁথ দিতে শুরু করার পর শিশুর উপস্থাপিত অংগ বাইরে থেকে দেখা যাবে, মলদ্বার বর্হিমুখী হবে, এবং শিশুর মাথা দেখা যাবে।
- প্রয়োজনে episiotomy করুন।
- শিশুর মাথা বের হবার পর মিউকাস সাকার দিয়ে শ্বাসনালী পরিষ্কার করে দিন ও নাভিরজু গলায় বা ঘাড় পেঁচানো আছে কিনা দেখুন।
- শিশুকে পরিষ্কার শুকনো কাপড় দিয়ে জড়িয়ে রাখুন।
- পরিষ্কার গজ দিয়ে শিশুর চোখ, নাক ও মুখ মুছে দিন।

তৃতীয় ধাপ

শিশুকে মায়ের বুকের দুধ দিন ও শালদুধ খাওয়াতে সাহায্য করুন।

গর্ভফুল বিচ্ছিন্ন হবার লক্ষণ পরীক্ষা করুনঃ

- তলপেটে ব্যথা
 - জরায়ু শক্ত ও গোলাকার
 - সিমফাইসিস পিউবিস-এর উপরে জরায়ু ফুলে উঠে এবং জরায়ুর উপরের অংশ পেটের উপরের দিকে উঠে আসে
 - নাভিরজু লম্বায় বাড়তে থাকে
 - যোনিপথে কিছুটা রক্ত (gush of blood) বেরিয়ে আসে
- নাড়ি রক্তের স্পন্দন বন্ধ হওয়ার পর শিশুর নাভি কাটুন

নাভি কাটার নিয়মঃ

- নাভির গোড়ার দিক থেকে ১ আংগুল পরে প্রথম বাঁধন দিন।
- প্রথম বাঁধন থেকে অর্ধেক আংগুল মেপে দ্বিতীয় বাঁধন দিন।
- তারপর দ্বিতীয় বাঁধন থেকে এক আংগুল মেপে তৃতীয় বাঁধন দিন।
- এবার দ্বিতীয় ও তৃতীয় বাঁধনের মাঝখানে কেটে দিন। এ সময় লক্ষ্য রাখবেন, নাভিমূলে যেন টান না পড়ে এবং নাভি যেন তিন আংগুলের বেশী লম্বা না থাকে।
- এক টুকরা গজ বা শুকনা কাপড় নিয়ে নাভির কাটা অংশ মুছে দিন ও রক্তক্ষরণ লক্ষ্য করুন।
- গর্ভফুল সম্পূর্ণ বের হয়েছে কিনা পরীক্ষা করুন।
- কোন জটিলতা দেখা দিলে প্রয়োজনীয় ব্যবস্থাপনা দিন ও রেফার করুন।
- মাকে পরিষ্কার করে পরিষ্কার শুকনা কাপড়ের প্যাড বা সেনিটারী প্যাড পরিয়ে দিন।

সতর্কতা

- অহেতুক পি. ভি. পরীক্ষা করবেন না। প্রয়োজনে প্রতি ৪ ঘন্টা পর পর পি. ভি করা যেতে পারে।
- তেল বা হাত দিয়ে যোনিপথ প্রশস্ত করার চেষ্টা করবেন না
- নিরাপদ প্রসব নিশ্চিত করতে পরিষ্কার স্থান, পরিষ্কার হাত, জীবাণুমুক্ত র্লেড ও সূতা ব্যবহার করুন।
- কোন ব্যথানাশক (analgesic) ওষুধ ব্যবহার করবেন না।

বাড়ীতে প্রসব ব্যবস্থাপনার প্রস্তুতি

যদি বাড়ীতে প্রসব করাতে হয় অর্থাৎ মা যদি বাড়ীতে প্রসবে আগ্রহী হন, তাহলে মা ও সেবাদানকারী উভয়েরই কিছু প্রস্তুতি নেয়া আবশ্যিক। প্রসবের প্রত্যাশিত তারিখের দু'সপ্তাহ আগে মাকে কিছু জিনিষ গুছিয়ে রাখতে পরামর্শ দিন। যেমনঃ

- নিজের ও শিশুর জন্য পরিষ্কার ও রোদ্রে শুকানো কাপড়
- পরিত্যক্ত ময়লা দ্রব্যাদি ফেলার পাত্র
- পানি গরম করা ও সরঞ্জামাদি জীবাণুমুক্ত করার জন্য পাত্র ও জ্বালানী
- বালতি ও মগ
- প্রসবের পর ব্যবহারের জন্য পরিষ্কার কাপড় বা সেনিটারী প্যাড
- হেরিকেন বা মোমবাতি অথবা টর্চ
- আলো-বাতাস পূর্ণ একটা পরিষ্কার ঘর
- প্রসূতির জন্য পরিষ্কার বিছানা
- প্রয়োজনের সময় সেবাদানকারীকে ডাকার জন্য একজন লোক। এ ছাড়া কিছু টাকা পয়সা ও যানবাহনের ব্যবস্থা করে রাখতে বলুন যেন জরুরী অবস্থায় অনতিবিলম্বে সেবা গ্রহন সম্ভব হয়।

সেবাদানকারী বাড়ীতে প্রসব করানোর কাজে অবশ্যই মিডওয়াইফারী কিট নিয়ে যাবেন। বাড়ীতে কোন কারণে কিট নিতে না পারলে নিম্নলিখিত জিনিষগুলো অবশ্যই সাথে নিতে হবে :

- হাত ঘষার জন্য ব্রাশ বা ধুন্দুলের খোসা
- ঢাকনায়ুক্ত সসপ্যান
- নখ কাটার যন্ত্র, সাবান সহ সাবান কেস
- একটা নুতন র্লেড ও সূতা
- তুলা।

প্রসবকালীন জটিলতা ও ব্যবস্থাপনা

পাঠ : ৪
স্থিতি : ১ ঘন্টা
উদ্দেশ্য : অধিবেশন শেষে অংশগ্রহণকারীরা -

- ক. প্রসবের ১ম, ২য় ও ৩য় ধাপে মা ও শিশুর জটিলতা বর্ণনা করতে পারবেন; এবং
খ. মা ও শিশুর জটিলতায় প্রয়োজনীয় ব্যবস্থাপনা উল্লেখ করতে পারবেন।

পাঠ পরিকল্পনা

উদ্দেশ্য	বিষয়	স্থিতি	পদ্ধতি	উপকরণ
	সূচনা	৫ মি.	বড় দলে আলোচনা	ট্রান্সপারেঙ্গী/ পোস্টার পেপার
ক.	মা ও শিশুর সম্ভাব্য জটিলতা সমূহ	১৫ মি.	ধারণা প্রকাশ (VIPP পদ্ধতিতে)	কার্ড/মার্কার, ট্রান্সপারেঙ্গী
খ.	জটিলতায় প্রয়োজনীয় ব্যবস্থাপনা	৩০ মি.	ছোটদলে আলোচনা	পোস্টার পেপার/ মার্কার, ট্রান্সপারেঙ্গী
	শিক্ষণ মূল্যায়ন	১০ মি.	প্রশ্নোত্তর	প্রশ্ন লেখা কার্ড

- পূর্বপ্রস্তুতি :
- নিম্নলিখিত বিষয়গুলো ট্রান্সপারেঙ্গী বা পোস্টার পেপারে লিখে রাখুন।
 - সেশনের উদ্দেশ্য
 - মা ও শিশুর প্রসবকালীন সম্ভাব্য জটিলতা
 - জটিলতা ব্যবস্থাপনা
 - নমুনা প্রশ্নগুলি কার্ডে লিখুন ও সেশনের পূর্বে VIPP বোর্ডের পেছনে উল্টো করে লাগিয়ে রাখুন।
 - যথেষ্ট সংখ্যক গোলাপী ও হলুদ রঙের (৪" x ৮") কার্ড, মার্কার ও VIPP বোর্ড যোগাড় করে রাখুন।

পাঠ বিশ্লেষণ

সূচনা

স্থিতি

প্রক্রিয়া

: ৫ মিনিট

: - শুভেচ্ছা জানিয়ে সেশন শুরু করুন।

- এভাবে শুরুতে উল্লেখ করতে পারেন ‘রোগ নির্ণয় করে সঠিক ব্যবস্থাপনা প্রদান করা আমাদের কর্তব্য। সঠিক সময়ে সমস্যা চিহ্নিত করে যথাযথ পদক্ষেপ নিতে পারলে অনেক বিপদজনক বা মারাত্মক পরিনতি থেকে রক্ষা পাওয়া সম্ভব। আমরা এই সেশনে প্রসবকালীন জটিলতা ও তার ব্যবস্থাপনা নিয়ে আলোচনা করবো।’
- ট্রান্সপারেন্সী বা পোস্টার পেপার দেখিয়ে সেশনের উদ্দেশ্য ব্যাখ্যা করুন।

উদ্দেশ্য - ক

স্থিতি

প্রক্রিয়া

: মা ও শিশুর সম্ভাব্য জটিলতাসমূহ

: ২০ মিনিট

: - পাশাপাশি দুজন অংশগ্রহণকারীকে নিয়ে বাজ দল তৈরী করুন।

- প্রতিদলকে গোলাপী রংয়ের ২টি ও হলুদ রংয়ের ২টি কার্ড ও ১টি মার্কার দিন।
- দুজনকে আলোচনা করে গোলাপী কার্ডে ২টি মায়ের জটিলতা ও হলুদ কার্ডে ২টি শিশুর জটিলতা লিখতে বলুন।
- ৩ মিনিট সময় নির্ধারণ করুন।
- লেখা শেষ হলে কার্ড ও মার্কার টেবিলে রেখে যেতে বলুন।
- VIPP কার্ড ব্যবহারের নিয়ম অনুসরণ করে মা ও শিশুর জটিলতা আলাদা দুটো VIPP বোর্ডে ক্লাস্টার করে লাগান।
- কার্ড ক্লাস্টার করে লাগানোর পরে তা প্রসবের কোন্ ধাপে এবং কখন হতে পারে আলোচনা করুন।
- কোন ভুল তথ্য এলে ব্যাখ্যার মাধ্যমে বুঝিয়ে দিন।
- প্রয়োজনে কোন তথ্য বাদ গেলে আপনি রং অনুযায়ী কার্ডে লিখে বোর্ডে লাগিয়ে দিন।
- এবার প্রয়োজনে ট্রান্সপারেন্সী বা পোস্টার পেপারে দেখিয়ে যে কোন একজন অংশগ্রহণকারীকে ধাপ অনুযায়ী জটিলতা জোরে পড়ার আমন্ত্রণ জানান।
- কোন প্রশ্ন এলে তার ব্যাখ্যা দিন।

প্রসবের প্রথম ধাপে সম্ভাব্য জটিলতা

মায়ের ক্ষেত্রে ➤

- বিলম্বিত প্রথম ধাপ বা বাধায়ুক্ত প্রসব
- জ্বরসহ ১২ ঘন্টার বেশী বিদীর্ণ পানির থলি (Membrane)
- রক্তক্ষরণ
- প্রি-একলাম্পশিয়া ও একলাম্পশিয়া
- জরায়ু ছিঁড়ে যাওয়া

শিশুর ক্ষেত্রে ➤

- সংকটাপন্ন গর্ভস্থ শিশুর হৃদস্পন্দন ১২০ এর কম বা ১৬০ এর বেশী
- মেকোনিয়াম মিশ্রিত পানি ভাংগা
- অস্বাভাবিক অবস্থান
- যমজ বা একাধিক শিশু

প্রসবের দ্বিতীয় ধাপে সম্ভাব্য জটিলতা

মায়ের ক্ষেত্রে ➤

- রক্তক্ষরণ
- জরায়ু ছিঁড়ে যাওয়া
- একলাম্পশিয়া

শিশুর ক্ষেত্রে ➤

- সংকটাপন্ন গর্ভস্থ শিশু
- শিশুর অস্বাভাবিক উপস্থাপিত অংগ - যেমনঃ হাত, পা, নিতম্ব
- গলায় শক্তভাবে নাড়ি রজ্জু পেঁচানো
- বাচ্চা প্রসবের আগে নাড়ি বের হওয়া (Cord prolapse)
- বাচ্চার মাথা কাঁধ পর্যন্ত এসে আটকে যাওয়া

প্রসবের তৃতীয় ধাপে সম্ভাব্য জটিলতা

মায়ের ক্ষেত্রে ➤

- বিলম্বিত তৃতীয় ধাপ অর্থাৎ গর্ভফুল বের হতে দেরী হওয়া
- অসম্পূর্ণ গর্ভফুল বের হওয়া অর্থাৎ গর্ভফুলের আংশিক জরায়ুতে থেকে যাওয়া
- জরায়ুর মুখ ছিঁড়ে যাওয়া বা উল্টে যাওয়া
- যৌনাংগ বা পেরিনিয়াম ছিঁড়ে যাওয়া
- রক্তস্রাব (যদি একগ্লাসের বা ৩০০ মিলিলিটারের বেশী বলে মনে হয়)

শিশুর ক্ষেত্রে ➤

- শিশুর কম ওজন
- শ্বাসরুদ্ধতা বা ফুসফুসের প্রদাহ
- জন্মকালীন আঘাত
- চোখের প্রদাহ
- জন্মগত ক্রুটি

- উদ্দেশ্য - খ : জটিলতায় প্রয়োজনীয় ব্যবস্থাপনা
- স্থিতি : ২৫ মিনিট
- প্রক্রিয়া : - যে কোন একটি খেলা বা অন্য কোন উপায়ে অংশগ্রহণকারীদের ৩/৪ টি দলে ভাগ করুন।
- দলে কাজ করার জন্য ১৫ মিনিট সময় দিন। প্রতি দলকে পোস্টার পেপার ও মার্কার সরবরাহ করুন।
- দলগতভাবে আলোচনা করে জটিলতা অনুসারে সেবাদানকারীর করণীয় ও চিকিৎসা ব্যবস্থা লিখতে বলুন।
- দলে কাজ করার নিয়ম মনে করিয়ে দিন এবং দলীয় কাজে প্রয়োজনীয় সহায়তা দিন।
- কাজ শেষে সবাই বড়দলে ফিরে এসে প্রত্যেক দলের উপস্থাপনার পর অন্যান্য দলের মতামত নিন। প্রয়োজনে আপনিও মতামত দিন।
- উপস্থাপনা ও আলোচনার পর আপনি ট্রান্সপারেন্সী বা পোস্টার পেপার প্রদর্শন করুন ও অংশগ্রহণকারীদের দলীয় কাজের সাথে তা মিলিয়ে দেখতে বলুন। উল্লেখ করুন, 'কিছু কিছু জটিলতায় আমরা রোগীর আত্মীয় স্বজনকে প্রয়োজনীয় পরামর্শ দিয়ে তাৎক্ষণিকভাবে রোগীকে রেফার করবো কিন্তু কোন কোন জটিলতার ক্ষেত্রে রোগীকে প্রাথমিক ব্যবস্থাপনা দেবার পর রেফার করবো।'
- কোন প্রশ্ন থাকলে তার ব্যাখ্যা দিন এবং আলোচনার মাঝে মাঝে প্রতিবার্তা (ফিডব্যাক) নিন।

প্রসব জটিলতায় প্রয়োজনীয় ব্যবস্থাপনা

নিম্নলিখিত জটিলতায় পরামর্শ দিয়ে রেফার করুনঃ

- জনের অস্বাভাবিক অবস্থান
- জনের হৃদস্পন্দন প্রতি মিনিটে ১২০ এর কম বা ১৬০ এর বেশী
- মেকোনিয়াম মিশ্রিত পানি ভাংগা
- প্রসবের প্রথম ধাপ ১২ ঘন্টা অতিক্রান্ত হয়েছে এবং কোন অগ্রগতি নাই
- দ্বিতীয় ধাপ প্রথম গর্ভাবস্থায় ২ ঘন্টার বেশী ও পরবর্তী গর্ভে ১ ঘন্টার বেশী
- ৩২ সপ্তাহের পূর্বে প্রসব ব্যথা শুরু
- জনের হাত বা পা বের হয়ে আসা

নিম্নলিখিত জটিলতায় তাৎক্ষণিক ব্যবস্থাপনা দিন ও প্রয়োজনে রেফার করুন	
জটিলতাসমূহ	করণীয়
ঘাড়/গলায় নাভিরজ্জু পঁচানো	<ul style="list-style-type: none"> ➤ যদি টিলা থাকে তাহলে শিশুর মাথার উপর দিয়ে খুলে দিন ➤ যদি শক্তভাবে পঁচানো থাকে তাহলে সূতা দিয়ে ২ জায়গায় বেঁধে দিন ও বাঁধা স্থানের মাঝখানে কেটে দিন।
শিশু নিঃশ্বাস নিচ্ছেনা	➤ কৃত্রিম উপায়ে শ্বাস দিন
খিঁচুনী	Inj. Diazepam 5 mg. I/V অথবা I/M দিন। মুখে mouth gag দিন এবং খিঁচুনী বন্ধ হবার পর রেফার করুন।
মাথাব্যথা, চোখে ঝাপসা দেখা, রক্তচাপ ১৪০/৯০ মিমিমিঃ মার্কারীর বেশী	Inj. Diazepam 10 mg. I/M দিয়ে রেফার করুন।
যোনিপথে তাজা লাল রক্তস্রাব	5% Dextrose Saline I/V দিয়ে রেফার করুন।
২৪ ঘন্টা পূর্বে পানি ভেংগে গেছে	Cap Ampicillin 500 mg. প্রতি ৬ ঘন্টা পর পর খেতে বলুন ও জীবাণুমুক্ত প্যাড পরিয়ে রেফার করুন।
জরায়ু ছিঁড়ে যাওয়া	5% Dextrose Saline I/V দিয়ে রেফার করুন। রোগীর আত্মীয় স্বজনদের রক্ত যোগাড় করার ব্যবস্থা করতে বলুন।
নাভিরজ্জু বের হয়ে আসা	যোনিপথে শিশুর উপস্থাপিত অংগ (Presenting part) উপরের দিকে ঠেলে দিন এবং রোগীকে শোয়ানো অবস্থায় বালিশের সাহায্যে নিতম্ব উপরে তুলে রেফার করুন।
একাধিক গর্ভ	প্রথম ধাপে নির্ণয় করতে পারলে রেফার করুন। অন্যথায় ১ম শিশু প্রসবের পর পরই শিশুকে বুকের দুধ চুষতে দিন। এতে ২য় শিশুর প্রসব তাড়াতাড়ি হবে। ১ম শিশু প্রসবের ১৫ মিনিটের মধ্যে ২য় শিশুর প্রসব না হলে রেফার করুন।
গর্ভফুল বিচ্ছিন্ন হবার পর ৩০০ মিলি বা ১ গ্লাসের বেশী রক্তস্রাব	মূত্রথলি খালি করুন। শিশুকে বুকের দুধ চুষতে দিন এবং পেট ম্যাসেজ করুন। Inj. Ergometrine 0.5 mg I/V দিন এবং 500 cc Dextrose Saline এর সাথে 20 unit oxytocin মিশিয়ে I/V drip দিন। রক্ত যোগাড়ের ব্যবস্থা নিন ও অবস্থার উন্নতি না হলে রেফার করুন।
গর্ভফুল না পড়া (শিশুর জন্মের ৩০ মিনিটের মধ্যে গর্ভফুল বের না হওয়া)	মূত্রথলি খালি করুন। শিশুকে বুকের দুধ চুষতে দিন, পেট ম্যাসেজ করুন। যদি প্রাথমিক ব্যবস্থাপনায় কোন ফল না হয় - তাহলে Oxytocin সহ I/V drip দিন এবং রেফার করুন।
পেরিনিয়াম ও জরায়ুমুখ ছিঁড়ে যাওয়া	5% Dextrose saline দিয়ে রেফার করুন।

শিক্ষণ মূল্যায়ন

স্থিতি : ১০ মিনিট

- প্রক্রিয়া :
- VIPP বোর্ডে উল্টো করে লাগানো কার্ড থেকে ১টি করে কার্ড নিয়ে অংশগ্রহণকারীদের একজন করে সামনে এসে প্রশ্নটি জোরে পড়ে ও উত্তর দিতে বলুন
 - অন্যান্য অংশগ্রহণকারীদের মতামত নিন
 - প্রয়োজনে আপনি ব্যাখ্যা দিন
 - সবাইকে অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানিয়ে সেশন শেষ করুন।

নমুনা প্রশ্ন :

- প্রসবের ১ম পর্যায়ে কি জটিলতা হতে পারে ?
- প্রসবে তৃতীয় পর্যায়ে মায়ের কি কি জটিলতা হয় ?
- শিশুদের ক্ষেত্রে ৪টি জটিলতা উল্লেখ করুন ?
- প্রসবোত্তর অতিরিক্ত রক্তস্রাব হলে কি কি ব্যবস্থা গ্রহণ করবেন ?
- পেরিনিয়াম বা জরায়ুরমুখ ছিঁড়ে গেলে কি ব্যবস্থা নিবেন ?
- প্রসবের সময় মায়ের খিঁচুনি হলে কি করবেন ?
- প্রসবের সময় শিশুর ঘাড়ে অথবা গলায় নাভিরজু পঁচানো থাকলে কি করণীয় ?
- প্রসবকালে মায়ের গর্ভে একাধিক সন্তান চিহ্নিত করতে পারলে আপনি কি করবেন ?
- কোন্ কোন্ জটিলতায় মায়ের আত্মীয়স্বজনকে প্রয়োজনীয় পরামর্শ দিয়ে রেফার করবেন ?

ভিডিও প্রদর্শন ও আলোচনা

পাঠ : ৫
স্থিতি : ৪৫ মিনিট
উদ্দেশ্য : অধিবেশন শেষে অংশগ্রহণকারীরা -

ক. ভিডিও দেখে প্রসব ব্যবস্থাপনা ও প্রসবকালীন সম্ভাব্য জটিলতা বিষয়টি আরও স্পষ্টভাবে বুঝতে বা উপলব্ধি করতে পারবেন।

পাঠ পরিকল্পনা

উদ্দেশ্য	বিষয়	স্থিতি	পদ্ধতি	উপকরণ
	সূচনা	৫ মি.	উপস্থাপনা	
ক.	প্রসব ব্যবস্থাপনা ও সম্ভাব্য জটিলতা সমূহ	৩০ মি.	ভিডিও প্রদর্শন	ক্যাসেট, টিভি, ভিসিপি, এক্সটেনশন কার্ড
	শিক্ষণ মূল্যায়ন	১০ মি.	প্রশ্নোত্তর	কার্ড

পূর্বপ্রস্তুতি : - ভিডিও ক্যাসেট দেখানোর জন্য প্রয়োজনীয় সরঞ্জাম যেমন টিভি, ভিসিপি/ভিসিআর, ক্যাসেট ও এক্সটেনশন কার্ড যোগাড় করে রাখুন। এই ভিডিও ক্যাসেটটি বিভিন্ন প্রতিষ্ঠান যেমনঃ UNICEF Library বা BPHC থেকে সংগ্রহ করতে পারেন। ক্যাসেটের রেকডিং ও ইলেক্ট্রিক কানেকশন আগেই চেক করে নিতে ভুলবেন না। ক্যাসেট চেক করার পর rewind করে রাখুন। টিভি এমন জায়গায় রাখুন, যেন অংশগ্রহণকারীরা স্পষ্টভাবে দেখতে ও শুনতে পান।

সূচনা
স্থিতি
প্রক্রিয়া

- : ৫ মিনিট
: ভিডিও শুরু করার আগে ভিডিওর বিষয়বস্তু সম্পর্কে অংশগ্রহণকারীদের সংক্ষিপ্ত ধারণা দিন।

উল্লেখ করুন, ক্যাসেটে বাড়ীর পরিবেশে প্রসব ব্যবস্থাপনা ও সম্ভাব্য জটিলতাসমূহ দেখানো হয়েছে কিন্তু প্যারামেডিক বা ডাক্তার হিসেবে আমাদের আরও করণীয় রয়েছে যা ইতিপূর্বে আমরা আলোচনা করেছি। এই ক্যাসেট থেকে আমরা প্রসবের প্রতিটি ধাপ ও সম্ভাব্য জটিলতা সম্পর্কে একটি স্বচ্ছ ধারণা পাবো। আসুন আমরা ক্যাসেটটি দেখি। কারও কোন প্রশ্ন থাকলে লিখে রাখবেন যা পরে আলোচনা করা যাবে। পূর্বের অধিবেশনগুলোতে যা আলোচনা করা হয়েছে ভিডিও-র মাধ্যমে কিছু অংশ আমরা সরাসরি দেখার সুযোগ পাবো।

উদ্দেশ্য - ক
স্থিতি
প্রক্রিয়া

- : প্রসব ব্যবস্থাপনা ও সম্ভাব্য জটিলতা
: ৩০ মিনিট
: ভিডিওটি শুরু করার আগে লক্ষ্য করুন সবাই নিজস্ব অবস্থান থেকে ভিডিওটি পরিস্কার দেখতে পাচ্ছেন কিনা। প্রয়োজনে অংশগ্রহণকারীদের অবস্থান পরিবর্তন করুন। ভিডিও চলাকালীন সবার দিকে লক্ষ্য রাখুন। কোন ব্যাখ্যা বা মন্তব্য করতে চাইলে মাঝখানে উঠে না করাই ভাল। বিষয়টি লিখে রাখুন ও পরে ব্যাখ্যা করুন। যদি একান্ত জরুরী হয় তাহলে কিছুক্ষণ বিরতি বা Pause দিয়ে ব্যাখ্যা শেষে ভিডিও পুনরায় চালিয়ে দিন।

শিক্ষণ মূল্যায়ন
স্থিতি
প্রক্রিয়া

- : ১০ মিনিট
: ভিডিও দেখা শেষ হলে প্রদর্শিত মূল শিক্ষণীয় বিষয়বস্তু আলোচনা করার জন্য একজন অংশগ্রহণকারীকে আমন্ত্রণ জানান। আলোচনা শেষে কোউ কোন পয়েন্ট যোগ করতে চান কিনা জিজ্ঞেস করুন। কারও কোন প্রশ্ন থাকলে ব্যাখ্যা করে বুঝিয়ে দিন। প্রয়োজনে আপনিও প্রশ্ন করে গুরুত্বপূর্ণ বিষয়গুলো আবার আলোচনা করতে পারেন।

নবজাত শিশুর যত্ন

পাঠ : ৬
 স্থিতি : ১ ঘন্টা ৩০ মিনিট
 উদ্দেশ্য : অধিবেশন শেষে অংশগ্রহণকারীরা -

- ক. জন্মের সাথে সাথে শিশুর পরিচর্যা কি কি করণীয় তা উল্লেখ করতে পারবেন;
- খ. নবজাত শিশুর শারীরিক পরীক্ষা করতে পারবেন; এবং
- গ. জটিল অবস্থাসমূহ চিহ্নিত করে প্রয়োজনীয় ব্যবস্থাপনা উল্লেখ করতে পারবেন।

পাঠ পরিকল্পনা

উদ্দেশ্য	বিষয়	স্থিতি	পদ্ধতি	উপকরণ
	সূচনা	১০ মি.	বড় দলে আলোচনা	ট্রান্সপারেঙ্গী, পোস্টার পেপার
ক.	জন্মের সাথে সাথে শিশুর পরিচর্যা	১০ মি.	ধারণা প্রকাশ	কার্ড/মার্কার
খ.	শিশুর শারীরিক পরীক্ষা	৫০ মি.	ছোটদলে আলোচনা	পোস্টার পেপার/ মার্কার , ট্রান্সপারেঙ্গী
গ.	নবজাত শিশুর জটিল অবস্থা ও ব্যবস্থাপনা			
	শিক্ষণ মূল্যায়ন	২০ মি.	প্রশ্নোত্তর	কার্ড

- পূর্বপ্রস্তুতি : - নিম্নলিখিত বিষয়সমূহ ট্রান্সপারেঙ্গী বা পোস্টার পেপারে লিখুনঃ
- সেশনের উদ্দেশ্য
 - নবজাত শিশুর শারীরিক পরীক্ষা ও স্বাভাবিক লক্ষণ/চিহ্ন
 - শিশুর জটিল অবস্থা ও ব্যবস্থাপনা।
- নমুনা প্রশ্নগুলো কার্ডে লিখে রাখুন।

পাঠ বিশ্লেষণ

সূচনা	:	
স্থিতি	:	১০ মিনিট
প্রক্রিয়া	:	<ul style="list-style-type: none">- শুভেচ্ছা বিনিময়ের পর প্রশ্ন করুন, ‘অত্যাবশ্যিক স্বাস্থ্যসেবা প্যাকেজে শিশু স্বাস্থ্য নিশ্চিত করার জন্য কি কি সেবা দেয়া হয়?’- সঠিক উত্তরের জন্য প্রশংসা করে বলুন (প্রয়োজনে সহায়তা দিন) শিশু মৃত্যু ও অসুস্থতাজনিত জটিলতা কমিয়ে আনতে শিশু মায়ের গর্ভে আসার পর থেকেই তার পরিচর্যা প্রয়োজন। প্রসবের পর প্রয়োজন হয় নবজাত শিশুর যত্ন ও পরিচর্যা। শুধু তাই নয়, শিশুর যত্ন ও পরিচর্যার ব্যাপারে মা ও জনগণকে সচেতন ও শিক্ষিত করে তোলা আমাদের দায়িত্ব।- ট্রান্সপারেন্সী বা পোষ্টার পেপারের সাহায্যে সেশনের উদ্দেশ্য ব্যাখ্যা করুন।

অত্যাবশ্যিক স্বাস্থ্যসেবা প্যাকেজে শিশুস্বাস্থ্যের উপাদান

- ডায়রিয়ার ব্যবস্থাপনা (CDD)
- ই পি আই (EPI)
- ভিটামিন -এ (Vitamin-A)
- শ্বাসতন্ত্রের সংক্রমণ ব্যবস্থাপনা (ARI)
- অসুস্থ শিশুর সমন্বিত ব্যবস্থাপনা (IMCI)

উদ্দেশ্য-ক	:	জন্মের পর পরই শিশুর পরিচর্যা
স্থিতি	:	১০ মিনিট
প্রক্রিয়া	:	<ul style="list-style-type: none">- অংশগ্রহণকারীদের নিজ নিজ খাতায় শিশুর জন্মের পর পরই শিশুর কি কি পরিচর্যা দরকার তা লিখতে বলুন- ২ মিনিট সময় দিন- নির্দিষ্ট সময় পর সবাইকে একে একে পড়তে বলুন- প্রথম যিনি পড়বেন তার পয়েন্টগুলি বোর্ডে লিখুন

- এরপর অন্যান্য অংশগ্রহণকারীদের পড়ার সময় নতুন কিছু পয়েন্ট আসলে তা বোর্ডে যোগ করুন।
- সবার পড়া শেষে একজনকে সব পয়েন্ট পড়তে বলুন এবং কেউ কোন ধারণা/তথ্য যোগ করতে চান কিনা জেনে নিন এবং প্রয়োজনে আপনার মতামত দিন।

জন্মের পর পরই শিশুর পরিচর্যা

- শিশু জন্মের সাথে সাথে শ্বাস-প্রশ্বাস স্বাভাবিকভাবে নিচ্ছে কিনা দেখতে হবে। মিউকাস সাকার দিয়ে শিশুর মুখ ও গলা থেকে শ্লেষ্মা বা লালা পরিষ্কার করে দিতে হবে। পরিষ্কার কাপড় দিয়ে শিশুর চোখ, নাক, ও মুখ মুছে দিতে হবে।
- শিশুর যাতে ঠাণ্ডা না লাগে সেদিকে নজর রাখতে হবে। শিশুকে পরিষ্কার কাপড়ে জড়িয়ে মায়ের বুকে দিয়ে শালদুধ খাওয়াতে বলতে হবে।
- নাতী না বাঁধা পর্যন্ত শিশুকে মায়ের অবস্থান থেকে নীচের দিকে রাখতে হবে যাতে গর্ভফুল থেকে রক্ত সঞ্চালন হতে পারে। নাভির জ্বর স্পন্দন বন্ধ হবার পর জীবাণুমুক্ত উপায়ে নাতী কাটতে হবে এবং ঠিকমত বাঁধা হয়েছে কিনা তা পরীক্ষা করতে হবে।
- নবজাত শিশুকে গোসল করানো যাবেনা। পরিষ্কার নরম কাপড় দিয়ে শরীর মুছে দিতে হবে।

উদ্দেশ্য - খ, গ : নবজাত শিশুর শারীরিক পরীক্ষা, জটিলতা ও ব্যবস্থাপনা

স্থিতি : ৫০ মিনিট

প্রক্রিয়া : - অংশগ্রহণকারীদের লটারী বা অন্য কোন উপায়ে ৪টি দলে ভাগ করুন।

- দলীয় কাজের নিয়ম ব্যাখ্যা করে প্রতি দলকে পোস্টার পেপার ও মার্কার সরবরাহ করুন। ২০ মিনিট সময় নির্ধারণ করুন। দুইটি দল 'শিশুর শারীরিক পরীক্ষা ও স্বাভাবিক অবস্থার লক্ষণ/চিহ্ন' এবং দুইটি দল 'জটিলতা ও ব্যবস্থাপনা' নিজেদের মধ্যে আলোচনা করে লিখবেন।
- সময় শেষ হলে সবাইকে বড়দলে ফিরে আসতে বলুন। প্রথমে 'শারীরিক পরীক্ষা ও স্বাভাবিক অবস্থার লক্ষণ/চিহ্ন' বিষয়ে পর পর ২টি দল উপস্থাপন করবেন। উপস্থাপনার পর অংশগ্রহণকারীদের মতামত নিন। প্রয়োজনে আপনার মতামত দিন। পরে অন্য ২টি দল 'জটিলতা ও ব্যবস্থাপনা' উপস্থাপন করবেন। একই পদ্ধতিতে উপস্থাপনার পর অংশগ্রহণকারীদের মতামত নিন ও আপনার মতামত উল্লেখ করুন।
- প্রয়োজনে ট্রান্সপারেন্সী বা পোস্টার পেপার প্রদর্শন করে দলীয় কাজের সাথে তুলনামূলক আলোচনা করুন।

শিশুর শারীরিক পরীক্ষা ও স্বাভাবিক অবস্থার লক্ষণ/চিহ্ন	
বিষয়	স্বাভাবিক লক্ষণ/চিহ্ন
শিশুর সামগ্রিক অবস্থা	গোলাপী রং, উষ্ণ শরীর, স্বাভাবিক কান্না, বুকের দুধ সহজে খাবে, মাংশপেশী টান টান থাকবে (Muscle tone)
তাপমাত্রা	৯৮° - ৯৯° ফারেনহাইট
হৃদস্পন্দন	১১০ - ১৪০/প্রতিমিনিট
শ্বাস-প্রশ্বাস	৬০ বারের কম/প্রতি মিনিটে
ওজন	২.৫ - ২.৭ কেজি অথবা ৫.৫ - ৬ পাউণ্ড বা তার বেশী (জন্মের ২য় এবং ৩য় দিনে ওজন কিছুটা কমে যায়। আবার ৭দিনের মধ্যে পূর্বাবস্থায় ফিরে আসে। এরপর ওজন বাড়তে থাকে।)
মাথা	স্বাভাবিক ও গোল থাকে
চোখ (দুইচোখ)	পরিষ্কার, মিট মিট করে, শব্দ বা কোন কিছু নড়াচড়ায় সাড়া দেয়।
ঠোঁট, মুখ ও তালু (পরিষ্কার আংগুল মুখের ভিতর দিয়ে তালু পরীক্ষা করতে হবে)	গোলাপী রং, দুধ ও আংগুল চুষতে পারে।
নাভি (পরীক্ষার সময় হাত দিয়ে স্পর্শ করবেন না)	প্রথম দিনঃ সাদাটে ও নরম ২য় - ৩য় দিনঃ শুকনো ও শক্ত, ৩য় - ৭ম দিনঃ শুকিয়ে পড়ে যায়।
মেরুদণ্ড	স্বাভাবিক
প্রস্রাব (মাকে জিজ্ঞেস করুন)	পরিষ্কার ও দিনে কয়েকবার করবে (স্বাভাবিক অবস্থায় কমপক্ষে ৬ বার)
পায়খানা (মাকে জিজ্ঞেস করুন)	১ম দিন - ঘন সবুজ কালচে পায়খানা ২য় - ৩য় দিন - স্বাভাবিক, নরম ও হলুদ
হাত, পা, মলদ্বার ও যৌনাঙ্গ	স্বাভাবিক

নবজাত শিশুর জটিল অবস্থা ও ব্যবস্থাপনা

জটিলতা	ব্যবস্থাপনা
শ্বাসরুদ্ধতা	➤ মিউকাস সাকার দিয়ে শ্বাসনালী পরিষ্কার করুন ও প্রয়োজনে কৃত্রিম শ্বাস দিন।
শ্বাসকষ্ট (শ্বাস মিনিটে ৬০ বারের বেশী), জ্বর ও খাবারে অনীহা থাকতে পারে	➤ রেফার করুন।
জন্মকালে কম ওজন	➤ শিশুকে উষ্ণ রাখতে বলুন ➤ বার বার বুকের দুধ দিতে বলুন ➤ প্রয়োজনে দুধ চেপে চামচ দিয়ে খাওয়াতে বলুন।
জন্মকালীন আঘাত, ভাংগা অস্থি অত্যধিক লম্বাটে মাথা	➤ রেফার করুন। ➤ লম্বাটে মাথা কয়েকদিন পর ঠিক না হলে রেফার করুন।
জন্মগত খুঁতঃ ঠোট/তালু কাটা, হাত/পায়ে অতিরিক্ত আংগুল পা বাঁকা	➤ হাসপাতালে রেফার করুন। ➤ মাকে আশ্বাস দিন। যে কোন সময় হাসপাতালে অপারেশন করে ঠিক করা যাবে। ➤ বাঁশের চটা/প্লাস্টার দিয়ে বাওঁজ করে পায়ের স্বাভাবিক অবস্থানে রাখুন।
নাভির সংক্রমণ নাভির গোড়া ভেজা, ও চতুর্পাশ্ব লালচে	➤ স্পিরিট দিয়ে পরিষ্কার করুন ➤ এন্টিবায়োটিক মলম/পাউডার লাগান ➤ জরুরী অবস্থায় রেফার করুন।
নাভির রক্তক্ষরণ	➤ নাভিতে শক্ত করে পরিষ্কার বাঁধন দিন ➤ প্রয়োজনে রেফার করুন।
একদম খেতে চায়না খুব দুর্বল, জড়িস, তাপমাত্রা ১০০° ফারেনহাইট এর বেশী	➤ মাকে আশ্বাস দিন ➤ বার বার বুকের দুধ খাওয়াতে বলুন ➤ শিশু চুষতে না পারলে দুধ বের করে চামচে খাওয়াতে বলুন ➤ প্রয়োজনে রেফার করুন।
জ্বর (তাপমাত্রা ১০০° ফারেনহাইট এর বেশী)	➤ কাপড় চোপড় খুলে ঠাণ্ডা পানিতে গা মুছিয়ে দিন, বাতাস করুন। ➤ সংক্রমণের কারণ নির্ণয় করতে চেষ্টা করুন। ➤ প্রয়োজনে Ampicillin syrup দিন। ½ চামচ ৬ ঘন্টা পর পর ৫ দিন ➤ ১-২ দিনের মধ্যে উন্নতি না হলে হাসপাতালে রেফার করুন।
বমি	➤ বুকের দুধ বের করে খাওয়াতে বলুন। ➤ পানিস্বল্পতার লক্ষণ থাকলে রেফার করুন।
ধনুষ্টংকার	➤ অবিলম্বে হাসপাতালে রেফার করুন।
হৃদরোগ (কাঁদলে শিশু নীলচে বর্ণের হয়, খাবার অনীহা, দুর্বল, শ্বাসকষ্ট, ওজন বৃদ্ধির ধীরগতি	➤ হাসপাতালে রেফার করুন।
অস্বাভাবিক জড়িসঃ জন্মের পর পর বা ১ দিনের মধ্যে	➤ শিশুকে বার বার বুকের দুধ দিতে বলুন। ➤ হাসপাতালে রেফার করুন।

শিক্ষণ মূল্যায়ন

স্থিতি : ২০ মিনিট

প্রক্রিয়া : - কার্ডে লেখা প্রশ্ন লটারীর মত কাগজের বাস্ত্রে রাখুন অথবা ঘরের মেঝেতে ছড়িয়ে দিন।

- অংশগ্রহণকারীদের সংগ্রহ করতে বলুন ও একে একে উত্তর দেবার জন্য আমন্ত্রণ জানান। প্রয়োজনে অন্যান্য অংশগ্রহণকারীদের সহায়তা করতে বলুন ও আপনিও মতামত দিন।

- অধিবেশন শেষে ধন্যবাদ জানিয়ে সেশনের সমাপ্তি টানুন।

নমুনা প্রশ্নঃ

- অত্যাবশ্যকীয় সেবা প্যাকেজে শিশু স্বাস্থ্যের কি কি উপাদান রয়েছে ?
- জন্মের সাথে সাথে নবজাত শিশুকে কি কি যত্ন/পরিচর্যা করবেন ?
- শিশু শ্বাস না নিলে কি করণীয় বা করা উচিত ?
- নবজাত শিশুর কি কি শারীরিক পরীক্ষা করা প্রয়োজন ?
- শিশুর ওজন কম থাকলে মাকে কি পরামর্শ দেবেন ?
- মিনিটে কতবারের বেশী শ্বাস নিলে রেফার করবেন ?
- নাভিতে সংক্রমণ থাকলে আপনার কি করণীয় ?
- শিশুর হৃদরোগ কিভাবে চিহ্নিত করা যায় ? লক্ষণ কি ?
- জন্মের ১ম দিনের মধ্যে জন্টিস দেখা দিলে কি করবেন ?

মা ও শিশুর প্রতিরোধযোগ্য রোগসমূহ

পাঠ : ৭
 স্থিতি : ১ ঘন্টা ১৫ মিনিট
 উদ্দেশ্য : অধিবেশন শেষে অংশগ্রহণকারীরা -

- ক. মা ও শিশুর প্রতিরোধযোগ্য জটিলতা বা রোগসমূহ উল্লেখ করতে পারবেন ; এবং
 খ. প্রতিরোধযোগ্য রোগসমূহ প্রতিহত করার জন্য সেবাদানকারীর করণীয় ব্যাখ্যা করতে পারবেন ।

পাঠ পরিকল্পনা

উদ্দেশ্য	বিষয়	স্থিতি	পদ্ধতি	উপকরণ
	সূচনা	৫ মি.	বড় দলে আলোচনা	ট্রান্সপারেন্সী
ক.	প্রসবকালে মা ও শিশুর প্রতিরোধযোগ্য রোগসমূহ	২০ মি.	ধারণা প্রকাশ (VIPP পদ্ধতিতে)	কার্ড/মার্কার
খ.	রোগসমূহ প্রতিহত করার জন্য সেবাদানকারীর করণীয়	৪০ মি.	ছোটদলে আলোচনা	পোস্টার পেপার/ মার্কার
	শিক্ষণ মূল্যায়ন	১০ মি.	প্রশ্নোত্তর	নমুনা প্রশ্ন

- পূর্বপ্রস্তুতিঃ**
- সেশনের উদ্দেশ্য ট্রান্সপারেন্সী বা পোস্টার পেপারে লিখে রাখুন
 - প্রতিরোধযোগ্য রোগসমূহের নাম ওভাল কার্ডে লিখুন
 - রোগ বা জটিলতাসমূহ প্রতিহত করার জন্য সেবাদানকারীর করণীয় ট্রান্সপারেন্সী বা পোস্টার পেপারে লিখে রাখুন
 - ২টি VIPP বোর্ড ও যথেষ্ট সংখ্যক সবুজ ও নীল রংয়ের চারকোনা কার্ড (৪" X ৮") ও মার্কার কলম যোগাড় করে রাখুন



পাঠ বিশ্লেষণ

- সূচনা :
স্থিতি : ৫ মিনিট
প্রক্রিয়া : - সবাইকে স্বাগত জানিয়ে এভাবে সেশনটি শুরু করা যেতে পারে, 'গর্ভসংক্রান্ত কিছু রোগে অনেক মা ও শিশু মারা যায়, অথচ এই রোগগুলি আমরা সহজেই প্রতিরোধ করতে পারি অর্থাৎ আগে থেকে প্রয়োজনীয় সাবধানতা/পদক্ষেপ গ্রহণ করে অসুস্থতাজনিত জটিলতা ও মৃত্যুর হার কমিয়ে আনতে পারি।'
- সেশনের উদ্দেশ্য লেখা ট্রান্সপারেন্সী/পোস্টার পেগার প্রদর্শন করুন ও একজন অংশগ্রহণকারীকে পড়ে ব্যাখ্যা করতে বলুন।

- উদ্দেশ্য - ক : মা ও শিশুর গর্ভসংক্রান্ত প্রতিরোধযোগ্য রোগসমূহ
স্থিতি : ১৫ মিনিট
প্রক্রিয়া : - টেবিলের উপর বা ঘরের মেঝেতে রাখা কার্ড থেকে সবাইকে ২টি কার্ড (১টি নীল ও ১টি সবুজ) ও ১টি মার্কার নিতে বলুন।
- কার্ডে লেখার নিয়ম অনুসরণ করে নীল কার্ডে মায়ের ১টি ও সবুজ কার্ডে শিশুর ১টি প্রতিরোধযোগ্য রোগের নাম লিখতে বলুন।
- ২ মিনিট সময় দিন।
- লেখা শেষে কার্ডগুলো উল্টো করে পূর্বের জায়গায় রেখে যেতে বলুন। নীল ও সবুজ কার্ডগুলো পৃথকভাবে shuffle করুন।
- কার্ড ব্যবহারের নিয়ম অনুসরণ করে নীল কার্ড লাগানো শেষে সবুজ কার্ডগুলো ক্লাস্টার করে লাগান।
- এবার পূর্বলিখিত আপনার লেখা কার্ডগুলো থেকে একটি করে বিষয় নিয়ে আলোচনা করুন ও বোর্ডে এমনভাবে লাগান যাতে সবগুলো লাগাবার পর ফুলের পাপড়ির বা অন্য কোন আকর্ষণীয় আকৃতির হয় (নমুনা দেখুন)।

প্রতিরোধযোগ্য রোগ সমূহ

মায়েরঃ	শিশুরঃ
<ul style="list-style-type: none"> ➤ প্রসব পরবর্তী সেপসিস বা Puerperal Sepsis ➤ রক্তস্ফলিতা (Hb < ৮ গ্রাম অথবা ৫৭% এর কম) ➤ রক্তক্ষরণ (প্রসবের পূর্বে, প্রসবকালীন বা প্রসবের পরে) ➤ প্রি-একলাম্পশিয়া এবং একলাম্পশিয়া ➤ মায়ের ধনুষ্টংকার 	<ul style="list-style-type: none"> ➤ জন্মকালীন কম ওজন ➤ নবজাতকের শ্বাসরুদ্ধতা ➤ জন্মকালীন আঘাত ➤ ধনুষ্টংকার ➤ চোখের প্রদাহ ➤ শ্বাসতন্ত্র বা ফুসফুসের সংক্রমণ



- উদ্দেশ্য খ : রোগসমূহ প্রতিহত করতে সেবাদানকারীর করণীয়
- স্থিতি : ৪০ মিনিট
- প্রক্রিয়া : - কোন একটি খেলা বা অন্য যে কোন উপায়ে অংশগ্রহনকারীদের ৩/৪টি দলে ভাগ করুন।
- দলীয় কাজের নিয়ম ব্যাখ্যা করে দলের কাজ ভাগ করে দিন। প্রতিটি দল আলোচনা করে 'মা ও শিশুর রোগসমূহ প্রতিহত করার জন্য সেবাদানকারীর কি কি করণীয়' তা লিখবেন।
- ২০ মিঃ সময় নির্ধারণ করুন ও পোস্টার পেপার এবং মার্কার সরবরাহ করুন।
- বিভিন্ন দলের কাজে ঘুরে ঘুরে দেখুন ও প্রয়োজনীয় সহায়তা দিন।
- সময় শেষ হলে সবাইকে বড়দলে ফিরে আসতে বলুন।
- প্রতি দলের উপস্থাপনা শেষে অন্য দলের মতামত নিন ও প্রয়োজনে আপনার মতামত দিন।
- সব দলের উপস্থাপনা শেষ হলে প্রয়োজনে ট্রান্সপারেন্সী বা পোস্টার পেপার প্রদর্শন করুন ও দলীয় কাজে কোন তথ্য বাদ গেলে আপনি তা উল্লেখ করে প্রতিটি পয়েন্টের গুরুত্ব আলোচনা করুন।

মায়ের প্রতিরোধযোগ্য রোগসমূহ	
রোগ/সমস্যার নাম	সেবাদানকারীর করণীয়
প্রি-একলাম্পশিয়া ও একলাম্পশিয়া	<ul style="list-style-type: none"> ➤ ঝুঁকিপূর্ণ মায়ের হাসপাতালে প্রেরণ করা ➤ প্রসব-পূর্ব চেক আপের সময় লক্ষণ চিহ্নিত করা ও প্রয়োজনীয় ব্যবস্থাপনা দেয়া/রেফার করা ➤ প্রসবপূর্ব চেকআপের সময় মাকে বিপদজনক লক্ষণ সম্পর্কে শিক্ষা দেয়া ➤ প্রয়োজনে অনতিবিলম্বে প্রসবের ব্যবস্থা নেয়া
প্রসব পরবর্তী সেপসিস	<ul style="list-style-type: none"> ➤ পরিষ্কার হাত, জীবাণুমুক্ত জিনিষপত্রের ব্যবহার ও পরিষ্কার স্থানে স্বাস্থ্যসম্মতভাবে প্রসব করানো
রক্তক্ষরণ (প্রসবের পূর্বে বা পরে)	<ul style="list-style-type: none"> ➤ ঝুঁকিপূর্ণ মায়ের হাসপাতালে রেফার করা ➤ সঠিক নিয়মে প্রসব করানো ➤ নাজী ধরে অহেতুক টানটানি না করে গর্ভফুল আপনা-আপনি আসতে দেয়া ➤ গর্ভফুল বের হবার পর আবরণ (Membrane) বা বিদ্যী পরীক্ষা করা ➤ প্রসবের পর পরই শিশুকে বুকের দুধ খাওয়ানো নিশ্চিত করা
রক্তস্ফুলতা	<ul style="list-style-type: none"> ➤ প্রসবপূর্ব চেকআপের সময় মাকে আয়রন সমৃদ্ধ খাবার সম্পর্কে পরামর্শ দেয়া ➤ আয়রন ও ফলিক এসিড ট্যাবলেট ২য় ও ৩য় Trimester-এ দিনে দুবার খাওয়ার পরামর্শ দেয়া ও সরবরাহ করা
মায়ের ধনুষ্টংকার	<ul style="list-style-type: none"> ➤ সময়সূচী অনুযায়ী মাকে টিকা দেয়া
শিশুর প্রতিরোধযোগ্য সমূহ	
জন্মকালীন কম ওজন	<ul style="list-style-type: none"> ➤ প্রসব পূর্ব চেক-আপের সময় মাকে পুষ্টি সম্পর্কে পরামর্শ দেয়া ➤ আয়রন ফলিক এসিড সরবরাহ/প্রয়োজনে রেফার করা ➤ পরিকল্পিত পরিবার গঠনে বা ঘন ঘন সন্তান না নেবার জন্য মাকে পরামর্শ দেয়া
শ্বাস-রুদ্ধতা	<ul style="list-style-type: none"> ➤ ঝুঁকিপূর্ণ গর্ভাবস্থা ও গর্ভস্থ শিশুর সমস্যা চিহ্নিত করে রেফার করা ➤ প্রসবের ১ম ও ২য় ধাপে মাকে চিৎ করে না শোয়ানো ➤ শিশুর ঘাড়ে বা গলায় নাভিরজু পৈচানো থাকলে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া ➤ শিশু ভূমিষ্ঠ হবার সাথে সাথে শিশুকে কাপড়ে জড়িয়ে মুখ ও গলা মিউকাস সাকার বা নরম কাপড় দিয়ে পরিষ্কার করা ➤ কৃত্রিম শ্বাস দেয়া
জন্মকালীন আঘাত	<ul style="list-style-type: none"> ➤ ঝুঁকিপূর্ণ গর্ভবর্তী মহিলাদের রেফার করা ➤ বাচ্চার মাথা সতর্কতার সাথে বের করা ও প্রসব করানো
ধনুষ্টংকার	<ul style="list-style-type: none"> ➤ মাকে সময়সূচী অনুসারে টিকা দেয়া ➤ জীবাণুমুক্ত অবস্থায় প্রসব করানো ও ➤ নাজীর যত্ন নেবার নিয়ম মাকে শিখিয়ে দেয়া

রোগ/সমস্যার নাম	সেবাদানকারীর করণীয়
চোখের সংক্রমণ	<ul style="list-style-type: none"> ➤ জীবাণুমুক্ত অবস্থায় প্রসব করানো ও প্রসবের পর জীবাণুমুক্ত তুলা বা কাপড় দিয়ে শিশুর চোখ পরিষ্কার করা ➤ প্রসব-পূর্ব চেক-আপের সময় ঝুঁকি নির্ণয় করা এবং পিতামাতার ঝুঁকি অথবা পূঁজযুক্ত ডিসচার্জ থাকলে প্রয়োজনীয় ব্যবস্থাপনা দেয়া
শ্বাসতন্ত্রের সংক্রমণ	<ul style="list-style-type: none"> ➤ প্রসবের পর পরই শিশুকে পরিষ্কার নরম কাপড় দিয়ে জড়িয়ে মায়ের বুকের দুধ দেয়া ➤ শিশুর ঘরে ধূমপান না করা ও ধোঁয়ামুক্ত পরিবেশ রাখার জন্য পরামর্শ দেয়া।

শিক্ষণ মূল্যায়ন

স্থিতি : ১০ মিনিট

- প্রক্রিয়া :
- অধিবেশনে যা আলোচনা হলো তার উপর ভিত্তি করে অংশগ্রহনকারীদের প্রশ্ন তৈরী করে খাতার কাগজে লিখতে বলুন।
 - ঘরের মাঝখানে নির্দিষ্ট দূরত্বে একটি ঝুঁড়ি রাখুন।
 - প্রশ্ন লেখা হয়ে গেলে কাগজের টুকরো বলের মত বানিয়ে অংশগ্রহনকারীদের নিজের জায়গা থেকে ঝুঁড়িতে ছুঁড়তে বলুন। উল্লেখ করুন, যে গুলো ঝুঁড়ির মধ্যে পড়বে সেগুলো আগে আলোচনা করা হবে। এরপর একটু দূরের গুলো, এ ভাবে সবই আলোচনা করা হবে। কিন্তু যে প্রশ্ন একবার আলোচনা হবে তার পুনরাবৃত্তি করা হবে না।
 - কোন গুরুত্বপূর্ণ প্রশ্ন বাদ গেলে আপনি সে প্রশ্নগুলো করুন।
 - সবগুলো প্রশ্ন মুক্ত আলোচনার মাধ্যমে আলোচনা হবে।
 - সকলকে ধন্যবাদ জানিয়ে অধিবেশন শেষ করুন।

নমুনা প্রশ্ন :

- মায়ের প্রতিরোধযোগ্য রোগ বা জটিলতা সমূহ কি কি ?
- শিশুর প্রতিরোধযোগ্য রোগ সমূহ কি কি ?
- মা ও শিশুর প্রতিরোধযোগ্য রোগসমূহ প্রতিহত করতে সেবাদানকারী কি করবেন, ৪টি গুরুত্বপূর্ণ পয়েন্ট বলুন।
- রক্তক্ষরণ সংক্রান্ত জটিলতা কমিয়ে আনতে সেবাদানকারীর কি করণীয় ?
- প্রি-একলাম্পশিয়া ও একলাম্পশিয়া প্রতিহত করতে আপনি কি করবেন ?
- প্রসব পরবর্তী সেপসিস না হবার লক্ষ্যে আমাদের কি করা উচিত ?
- শিশুদের চোখ সংক্রমণ মুক্ত রাখার জন্যে আপনি কি করবেন ?

প্রসবকালীন ওষুধ ব্যবহার ও প্রসব পরবর্তী পরামর্শ

- পাঠ : ৮
 স্থিতি : ১ ঘন্টা
 উদ্দেশ্য : অধিবেশন শেষে অংশগ্রহণকারীরা -
 ক. প্রসবকালে ব্যবহৃত ও বর্জনীয় বিভিন্ন ওষুধের নাম বলতে পারবেন; এবং
 খ. প্রসবের পর ডিসচার্জ করার পূর্বে মায়ের প্রয়োজনীয় পরামর্শসমূহ উল্লেখ করতে পারবেন।

পাঠ পরিকল্পনা

উদ্দেশ্য	বিষয়	স্থিতি	পদ্ধতি	উপকরণ
	সূচনা	৫ মি.	উপস্থাপনা	ট্রান্সপারেন্সী/ পোস্টার পেপার
ক.	প্রসবকালে ব্যবহৃত ও বর্জনীয় ওষুধের নাম	২০ মি.	ধারণা প্রকাশ	বোর্ড/মার্কার ও ট্রান্সপারেন্সী
খ.	প্রয়োজনীয় পরামর্শ	২০ মি.	ভূমিকাভিনয়	
	শিক্ষণ মূল্যায়ন	১৫ মি.	প্রশ্নোত্তর	নমুনা প্রশ্ন

- পূর্বপ্রস্তুতি:** নিম্নলিখিত বিষয়গুলি ট্রান্সপারেন্সী বা পোস্টার পেপার-এ লিখে নিন :-
- সেশনের শিরোনাম ও উদ্দেশ্য
 - প্রসবকালে ব্যবহৃত ও বর্জনীয় ওষুধের তালিকা

পাঠ বিশ্লেষণ

সূচনা
স্থিতি
প্রক্রিয়া

- ৫ মিনিট
- এভাবে শুরু করতে পারেন - 'প্রসবপূর্ব প্রশিক্ষণে আমরা জেনেছি গর্ভাবস্থায় এবং স্তনদান কালে কি কি ওষুধ ব্যবহার করা যায় ও কি কি করা উচিত নয় অর্থাৎ আমরা গর্ভকালীন ও প্রসব পরবর্তী/স্তনদানকালীন ওষুধের ব্যবহার নিয়ে আলোচনা করেছি। এ সেশনে আমরা প্রসবকালীন ওষুধের যথাযথ ব্যবহার নিয়ে আলোচনা করবো।'
 - ট্রান্সপারেন্সী/পোস্টার পেপার দেখিয়ে সেশনের উদ্দেশ্য ব্যাখ্যা করুন।

উদ্দেশ্য - ক
স্থিতি
প্রক্রিয়া

- প্রসবকালে ব্যবহৃত ও বর্জনীয় ওষুধ
- ২০ মিনিট
- প্রশ্ন করুন 'প্রসবকালে কি কি ওষুধ আমরা সাধারণতঃ ব্যবহার করি?'
 - সব উত্তর বোর্ডে লিখুন। কোন অপ্রাসংগিক, অপ্রয়োজনীয় বা ভুল উত্তর এলেও সব লিখুন। প্রতিটি ওষুধ ব্যবহারের কারণ, সময় ও নিয়ম আলোচনা করুন। আলোচনার সময় প্রশ্ন করে অংশগ্রহণকারীদের মধ্য থেকে উত্তর আনার চেষ্টা করুন। যদি সমসাময়িক তথ্যের সাথে সংগতিপূর্ণ না হয় বা বর্জনীয় ওষুধ হয় তাহলে বুঝিয়ে বলুন ও গুরুত্বপূর্ণ তথ্যগুলি জোর দিয়ে উল্লেখ করুন।
 - প্রশ্ন করে প্রসবকালে কোন্ কোন্ ওষুধগুলি বর্জন করতে হবে বা দিতে হলে কোন্ কোন্ দিক বিবেচনা করতে হবে তা জেনে নিন। কোন ভুল বা অপ্রাসংগিক উত্তর হলে তা আলোচনার মাধ্যমে ব্যাখ্যা দিন।
 - এবার একজন অংশগ্রহণকারীকে বোর্ডে এসে ব্যবহৃত ওষুধসমূহ ও বর্জনীয় ওষুধের একটি তালিকা তৈরী করতে বলুন। অন্যান্য অংশগ্রহণকারীদের প্রয়োজনে সহযোগিতা করতে বলুন।
 - তালিকা তৈরীর পর ট্রান্সপারেন্সী বা পোস্টার পেপার প্রদর্শন করুন ও বোর্ডের তালিকার সাথে মিলিয়ে নিতে বলুন।

প্রসবকালীন ব্যবহৃত ও বর্জনীয় ঔষুধসমূহ

ঔষুধের নাম	ব্যবহার বিধি
Cap. Ampicillin	সময়ের পূর্বেই পানি ভেঙ্গে গেলে (leaking membrane) Cap. Ampicillin 250 mg. ৬ ঘন্টা পর পর খেতে বলুন ও জীবাণুমুক্ত প্যাড পরিয়ে রেফার করুন।
Inj. Pethidine বা Inj. Phenergan	মা যদি খুব ক্লান্ত হয়ে পড়েন (যদি জরায়ুর অবস্থা দেখে বোঝা যায় যে ৩/৪ ঘন্টার মধ্যে প্রসব হবে, তাহলে এই ইনজেকশন দেয়া যাবে না। এ'তে গর্ভস্থ শিশুর শ্বাস-প্রশ্বাসে সমস্যা হতে পারে।)
Inj. Syntocinon + 5% Dextrose Saline অথবা 5% Dextrose in Aqua	প্রসবকালীন সময়ে ব্যথা কম থাকলে দেয়া যায়। কিন্তু জরায়ুর সংকোচন স্বাভাবিক থাকলে দেবার দরকার নেই।
Dextrose saline + 25% glucose + Libott 10	একলাম্পশিয়া, দীর্ঘায়িত প্রসব ব্যথা, বাধায়ুক্ত প্রসব অথবা জরায়ু ছিঁড়ে গেলে মা'কে দিয়ে রেফার করুন।
Inj. Ergometrine Inj. Oxytocin	স্বাভাবিক প্রসবে দেবার দরকার নেই। গর্ভফুল বিচ্ছিন্ন হবার পর অতিরিক্ত রক্তস্রাব হলে Inj. Ergometrine 0.5 mg IV দিন ও 20 unit Oxytocin+ 500 cc. Dextrose saline মিশিয়ে IV drip দিয়ে রেফার করুন। গর্ভফুল ৩০ মিনিটের মধ্যে না পড়লে Inj. Oxytocin 20 unit + 500 cc Dextrose Saline দিয়ে রেফার করুন।
Inj. or Tab. Hyoscine-N- Butylbromide	কোন অবস্থাতেই দেয়া যাবেনা।
Enema	Membrane rupture হয়ে গেলে কোন অবস্থাতেই দেয়া যাবে না।
Vitamin-A 200,000 IU	প্রসবের পরপরই অথবা দুই সপ্তাহের মধ্যে মাকে খাইয়ে দিন।
BCG ও Polio	সম্ভব হলে জন্মের পর পরই শিশুকে দিন।
Tab. Iron -Folic Acid	ডিসচার্জ করার সময় মাকে ১ মাসের ট্যাবলেট সরবরাহ করুন।

উদ্দেশ্য - খ	:	প্রসবের পর/ডিসচার্জ এর পূর্বে প্রয়োজনীয় পরামর্শ সমূহ
স্থিতি	:	২০ মিনিট
প্রক্রিয়া	:	- দু'জন আগ্রহী অংশগ্রহনকারীকে সামনে ডাকুন। প্রসবের পর ডিসচার্জের পূর্বে মায়ের জন্য প্রয়োজনীয় পরামর্শ সমূহ ভূমিকাভিনয় করে দেখাতে বলুন। - প্রস্তুতির জন্য ৩ মিঃ সময় দিন। ভূমিকাভিনয়ের জন্য ৫ মিঃ সময় নির্ধারণ করুন। - ভূমিকাভিনয়ের পর অন্যান্য অংশগ্রহনকারীদের মতামত নিন। আপনার মতামত দিন।

প্রসব পরবর্তী/ডিসচার্জকালীন পরামর্শ সমূহ

- শিশুকে বার বার বুকের দুধ দেবেন। পাঁচমাস পর্যন্ত শুধুমাত্র বুকের দুধ খাওয়াবেন।
- ছয় সপ্তাহ ভারী কাজ করবেন না।
- প্রতিদিন গোসল ও পরিষ্কার পরিচ্ছন্ন থাকবেন।
- পুষ্টিকর খাবার খাবেন।
- পানি বেশী করে পান করবেন।
- পর্যাপ্ত বিশ্রাম নেবেন।
- অত্যধিক রক্তস্রাব, দুর্গন্ধযুক্ত স্রাব, খিঁচুনি, ৩ দিনের বেশী জ্বর থাকলে তাড়াতাড়ি ক্লিনিকে আসবেন।
- শিশুর নাভির যত্ন নেবেন। নাভি শুকনো রাখবেন, পানি লাগাবেন না।
- ৬ সপ্তাহ বয়সে শিশুর টিকা নিতে আসবেন।
- পরবর্তী সন্তান দেবীতে নেবেন। ঘন ঘন সন্তান হলে মা-শিশুর স্বাস্থ্য ভেংগে যায়।
- পরিবার পরিকল্পনার বিভিন্ন পদ্ধতি রয়েছে। স্বামীর সাথে এ ব্যাপারে আলোচনা করে সিদ্ধান্ত নিবেন।
- আয়রন ফলিক এসিড ট্যাবলেট খাবেন। আয়রন সমৃদ্ধ খাবার খাবেন।
- ছয় সপ্তাহ পর পরবর্তী ভিজিটে আসবেন।
- শিশু বা আপনার যে কোন সমস্যায় বা প্রয়োজনে নির্ধারিত সময়ের পূর্বেই সেবা নিতে আসবেন।

শিক্ষণ মূল্যায়ন

স্থিতি

: ১৫ মিনিট

প্রক্রিয়া

:

- নিম্নলিখিত প্রশ্নগুলি অংশগ্রহণকারীকে প্রশ্ন করে মূল শিক্ষণ পুনরালোচনা করুন।
- সবশেষে সক্রিয় অংশগ্রহণের জন্য সকলকে ধন্যবাদ দিয়ে সেশনের সমাপ্তি টানুন।

নমুনা প্রশ্নঃ

- প্রসবকালে সাধারণতঃ কোন্ কোন্ ওষুধ ব্যবহার করা হয় ?
- কোন্ কোন্গুলো ব্যবহার করা উচিত নয় ?
- Cap. Ampicillin কখন দেবেন ?
- Inj. Syntocinon কখন দেবেন, দেবার নিয়ম কি ?
- Inj. Ergometrin কখন দেবার প্রয়োজন হতে পারে ?
- Inj. Oxytocin কখন দেবেন ? দেবার নিয়ম কি ?
- প্রসবের পর মা/শিশুকে কি কি ওষুধ দেবেন ?
- প্রসব পরবর্তী সময়ে মাকে কি কি পরামর্শ দেবেন ?
- ডিসচার্জের সময় মাকে কি কি ওষুধ দেবেন ?

প্রসবকালীন সেবা

ধারণা যাচাই পত্র

সময়ঃ ১৫ মিনিট

মোট নম্বরঃ ২৫

১) প্রসব বলতে কি বোঝায়? প্রসবকালীন সেবার ২টি উদ্দেশ্য লিখুন। ৮ X ২ = ১৬

২) মা প্রসবব্যথা নিয়ে আসলে কি করণীয়? সঠিক উত্তরের পাশে টিক (✓) চিহ্ন দিনঃ

- | | |
|--|--|
| <input type="checkbox"/> ব্যথা বাড়ানোর ওষুধ দেয়া | <input type="checkbox"/> প্রসবের জটিলতা সম্পর্কে ধারণা দেয়া |
| <input type="checkbox"/> মিডওয়াইফারী কিট প্রস্তুত করা | <input type="checkbox"/> প্রসবে ব্যবহৃত সরঞ্জামাদি জীবাণুমুক্ত করা |
| <input type="checkbox"/> যুগ্মের ওষুধ দেয়া | <input type="checkbox"/> মাকে প্রসবের জন্য মানসিকভাবে প্রস্তুত করা |
| <input type="checkbox"/> শারীরিক পরীক্ষা করা | <input type="checkbox"/> মাকে পুষ্টি সম্পর্কে শিক্ষা দেয়া |
| <input type="checkbox"/> ঝুঁকি নির্ণয় করা | <input type="checkbox"/> মায়ের যোনিপথ পরীক্ষা করা |

৩) প্রসবকালে জীবাণুমুক্ত সরঞ্জামাদি ব্যবহার না করলে কি সমস্যা হতে পারে? (সঠিক উত্তরের পাশে টিক (✓) চিহ্ন দিন)ঃ

- | | |
|---|--|
| <input type="checkbox"/> প্রসব পরবর্তী সংক্রমণ | <input type="checkbox"/> অতিরিক্ত রক্তস্রাব |
| <input type="checkbox"/> একলাম্পশিয়া | <input type="checkbox"/> শ্বাসতন্ত্রের সংক্রমণ |
| <input type="checkbox"/> নবজাত শিশুর ধনুষ্ঠংকার | <input type="checkbox"/> প্রজননতন্ত্রের সংক্রমণ |
| <input type="checkbox"/> মায়ের ধনুষ্ঠংকার | <input type="checkbox"/> প্রস্রাবের রাস্তায় সংক্রমণ |
| <input type="checkbox"/> ডায়রিয়া | <input type="checkbox"/> শিশুর নাভির সংক্রমণ |

৪) প্রসব ব্যবস্থাপনায় নীচের কোনটিতে তাৎক্ষণিকভাবে পরামর্শ দিয়ে রেফার করবেন ও কোনটিতে প্রাথমিক ব্যবস্থাপনা দিয়ে রেফার করবেন। পরামর্শ দিয়ে রেফার করলে (R) ও প্রাথমিক ব্যবস্থাপনা দিয়ে রেফার করলে (M) লিখুনঃ

- | | |
|--|---|
| <input type="checkbox"/> প্রসব ব্যথা ১২ ঘন্টা পার হয়ে গেছে কিন্তু কোন অগ্রগতি নেই | <input type="checkbox"/> জরায়ু ছিঁড়ে যাওয়া |
| <input type="checkbox"/> জনের অস্বাভাবিক অবস্থান | <input type="checkbox"/> একাধিক গর্ভ |
| <input type="checkbox"/> মেকোনিয়াম মিশ্রিত পানি ভাংগা | <input type="checkbox"/> গর্ভফুল না পড়া |
| <input type="checkbox"/> নাভিরজ্জু বের হয়ে আসা | <input type="checkbox"/> ২৪ ঘন্টা পূর্বে পানি ভেংগে গেছে |
| <input type="checkbox"/> জনের হাত পা বের হয়ে আসা | <input type="checkbox"/> প্রসবের ২য় ধাপ প্রথম গর্ভাবস্থায় ২ ঘন্টার বেশী ও পরবর্তী গর্ভে ১ ঘন্টার বেশী |
| <input type="checkbox"/> খিঁচুনী | <input type="checkbox"/> পেরিনিয়াম ছিঁড়ে যাওয়া |

৫) প্রসবকালে নীচের জটিলতাগুলো হলে কি ব্যবস্থাপনা দেবেন? যে কোন ২টি লিখুনঃ

- ক. যোনিপথে তাজা লাল রক্তস্রাব
- খ. গলায়/ঘাড়ে নাভিরজ্জু পেঁচানো
- গ. নাভিরজ্জু বের হয়ে আসা
- ঘ. গর্ভফুল না পড়া
- ঙ. একাধিক গর্ভ

৬) অত্যাৱশ্যকীয় স্বাস্থ্যসেবা প্যাকেজে শিশুস্বাস্থ্যের উপাদানগুলি লিখুন।

৭) গর্ভসংক্রান্ত মা ও শিশুর কোন্ কোন্ রোগগুলি প্রতিহত করা সম্ভব? উত্তরের পাশে (✓) চিহ্ন দিন।

- | | |
|---|--|
| <input type="checkbox"/> প্রসবের সময় রক্তক্ষরণ | <input type="checkbox"/> শিশুর ও মায়ের ধুনুষ্ঠংকার |
| <input type="checkbox"/> প্রসব পরবর্তী সেপসিস | <input type="checkbox"/> শিশুর শ্বাসতন্ত্রের সংক্রমণ |
| <input type="checkbox"/> রক্তস্বল্পতা | <input type="checkbox"/> শিশুর জন্মকালীন আঘাত |
| <input type="checkbox"/> একলাম্পশিয়া | <input type="checkbox"/> শিশুর নিউমোনিয়া |
| <input type="checkbox"/> শিশু একদম খেতে চায় না | <input type="checkbox"/> জন্মগত খুঁত |

৮) সত্য হলে "স", মিথ্যা হলে "মি" লিখুনঃ

- ক) প্রসব ব্যবস্থাপনায় Inj. Or Tab. Hyoscine N-Butylbromide দিলে ব্যথা কম হয়।
- খ) প্রসবের পর বা ২ সপ্তাহের মধ্যে Vitamin-A 200,000 IU দিতে হয়।
- গ) Membrane rupture হয়ে গেলেও প্রয়োজনে Enema দেয়া যায়
- ঘ) প্রসবকালে জরায়ুর স্বাভাবিক সংকোচন থাকলেও তাড়াতাড়ি প্রসবের জন্য Inj. Syntocinon + 5% Dextrose Saline অথবা 5% Dextrose in Aqua দিলে ভাল হয়।
- ঙ) মাকে ডিসচার্জ করার সময় Tab. Iron, Folic Acid দেবার চেয়ে আয়রন সমৃদ্ধ খাবার সম্পর্কে পরামর্শ দেয়া বেশী গুরুত্বপূর্ণ।

৯) শূন্যস্থান পূরণ করুনঃ

৯ X ১ = ৯

- ক. বাংলাদেশে বর্তমানে মায়ের মৃত্যু হার প্রতি হাজারে ৪.৫ এবং ২০০০ সালের লক্ষ্যমাত্রা হচ্ছে -----
- খ. ----- পাউণ্ড প্রেসারে ----- সেন্টিমিটারে তাপমাত্রায় ----- মিনিট সরঞ্জামাদি জীবাণুমুক্ত করা হয়।
- গ. গর্ভফুল বিচ্ছিন্ন হবার সময় ---- মিলিলিটারের বেশী রক্তক্ষরণ হলে রেফার করতে হবে।
- ঘ. প্রসবের স্থায়ীকাল প্রাইমগ্রাভিডার ক্ষেত্রে সর্বমোট ----- ঘন্টা ও মালটিগ্রাভিডার ক্ষেত্রে সর্বমোট ----- ঘন্টা।
- ঙ. পেরিনিয়াম ও জরায়ুমুখ ছিঁড়ে গেলে ----- দিয়ে রেফার করুন।
- চ. নাভি কাটার নিয়ম হচ্ছে ----- আংগুল পর ১ম বাঁধ, ----- আংগুল পর ২য় বাঁধ ও ----- আংগুল পর ৩য় বাঁধদিয়ে ----- বাঁধ ও ----- বাঁধনের মাঝখানে কেটে দেয়া।
- ছ. ----- বন্ধ হওয়ার পর নাভি কাটতে হয়
- জ. প্রসবব্যথা চলাকালীন কোন ----- ওষুধ ব্যবহার করা যাবেনা।
- ঝ. নিরাপদ প্রসব নিশ্চিত করতে ৩টি নিয়ম -----, -----, ও ----- মেনে করতে হয়।

অপারেশন রিসার্চ প্রজেক্ট

অপারেশন রিসার্চ প্রজেক্ট (ORP) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, জাতীয় সমন্বিত স্বাস্থ্য ও জনসংখ্যা কর্মসূচীর (NIPHP) সকল সহযোগী প্রতিষ্ঠান এবং আইসিডিডিআর,বি'র একটি যৌথ উদ্যোগ। এর সামগ্রিক উদ্দেশ্য হচ্ছে প্রায়োগিক গবেষণা (অপারেশন রিসার্চ) এবং কারিগরী সহায়তা প্রদানের মাধ্যমে অত্যাাবশ্যকীয় সেবা (ESP) প্রদানকারী সংস্থাসমূহকে অধিকতর ফলপ্রসূ ও কার্যকরভাবে সেবা প্রদানের ক্ষেত্রে সহযোগিতা দেয়া। অপারেশন রিসার্চ প্রজেক্টের কার্যক্রম পরিচালিত হয় গ্রাম এবং শহর উভয় এলাকায়, যেমনঃ যশোহর জেলার অভয়নগর, চট্টগ্রাম জেলার পটিয়া ও মীরশ্বরাই থানা এবং ঢাকা সিটি করপোরেশনের অন্তর্গত দশটি জোন। এ ছাড়া চট্টগ্রাম জেলার আরও ১৩ টি থানায়ও এই প্রজেক্টের সীমিত কার্যক্রম রয়েছে।

নিম্নলিখিত বিষয়সমূহ প্রকল্পের গবেষণার বিষয়ভূক্তঃ

(১) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনায় স্বল্প সাফল্যপূর্ণ এলাকা (যেমন চট্টগ্রাম, সিলেট ইত্যাদি) এবং স্বল্প সেবাপ্রাপ্ত জনগোষ্ঠীর (যেমন নবপরিণীতা, কিশোরী, পুরুষ, বস্তিবাসী ইত্যাদি) জন্য সেবাসমূহের যোগান বৃদ্ধি; (২) প্রদত্ত সেবার উৎকর্ষতা সাধনের মাধ্যমে গ্রাহক (client) সন্তুষ্টির পূর্ণতা বিধান; (৩) অত্যাাবশ্যকীয় সেবা প্যাকেজ প্রদানের নিমিত্তে সেবাদানকারী সংগঠনসমূহের জন্য প্রয়োজনীয় ব্যবস্থাপনা পদ্ধতিসমূহ শক্তিশালীকরণ; (৪) পারিবারিক স্বাস্থ্যসেবা প্রদান প্রক্রিয়ার আর্থিক সয়ম্বরতা দৃঢ়তর করা এবং এই প্রক্রিয়ায় বানিজ্যিক খাতের অধিকতর ও যথাযথ সম্পৃক্তি নিশ্চিতকরণ। উল্লেখিত কার্যাবলীর মনিটরিং ও মূল্যায়নে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করার লক্ষ্যে জরিপ পরিচালনা এবং অন্যান্য সহায়তা প্রদানের জন্য প্রকল্পের অধীনে রয়েছে একটি মাঠ কার্যক্রম তত্ত্বাবধায়ক দল।

অপারেশন রিসার্চ প্রজেক্ট তার কার্যক্রম পরিকল্পনা, বাস্তবায়ন এবং গবেষণালব্ধ অভিজ্ঞতা প্রচারের উদ্দেশ্যে সংশ্লিষ্ট সরকারী, বেসরকারী ও দাতাসংস্থাসমূহের প্রতিনিধিদের নিয়ে নিয়মিতভাবে মিটিং, কর্মশালা, সেমিনারের আয়োজন করে। এ ছাড়া রয়েছে মাঠ পরিদর্শন এবং গবেষণা কার্যক্রম(intervention) সম্পর্কে অবহিতকরনের ব্যবস্থা। প্রজেক্টের গবেষণালব্ধ ফলাফল জার্নাল এবং জাতীয় ও আন্তর্জাতিক সম্মেলন সমূহে উপস্থাপনের মাধ্যমে প্রচার করা হয়ে থাকে। অধিকন্তু আইসিডিডিআর,বি পরিদর্শনে আগত অতিথিবৃন্দ এবং সেন্টার আয়োজিত আন্তর্জাতিক প্রশিক্ষণ কর্মসূচীসমূহের অংশগ্রহণকারীদের সাথেও প্রকল্প তার অভিজ্ঞতা পর্যালোচনা করে থাকে।

প্রকল্প স্টাফদের একটি প্রধান দায়িত্ব হলো শিশু ও প্রজনন স্বাস্থ্য বিষয়ক সরকারী ও বেসরকারী সংস্থাসমূহকে অধিকতর দক্ষ ও ফলপ্রসূ করে গড়ে তোলার লক্ষ্যে কারিগরী সহায়তা প্রদান। বিভিন্ন পর্যালোচনা মিটিং, পরিদর্শন মিশন, সমন্বয় কমিটি এবং টাস্ক ফোর্সে অংশগ্রহণের মাধ্যমে প্রকল্প এইরূপ সহায়তা প্রদান করে থাকে।



CENTRE
FOR HEALTH AND
POPULATION RESEARCH

অপারেশন রিসার্চ প্রজেক্ট

হেলথ এণ্ড পপুলেশন এক্সটেনশন ডিভিশন

ইন্টারন্যাশনাল সেন্টার ফর ডায়রিয়াল ডিজিজ রিসার্চ, বাংলাদেশ (আইসিডিডিআর,বি)

জি.পি.ও. বক্স নং ১২৮, ঢাকা-১০০০, বাংলাদেশ

ফোনঃ ৮৮০-২-৮৭১৭৫২ - ৮৭১৭৬০; ফ্যাক্সঃ ৮৮০-২-৮৭১৫৬৮।